ভগৰান্—মরণ সময়ে বে ভাবে চিন্তটি তয়য় হইবে এবৈ ক্লাহাই হইলা যাইবে, স্মণ্যমাণ বস্তুটিই হইলা ঘাইবে। কাঁচপোকা বগন তৈলপান্তিকাকে এহণ করে তথন তৈলপান্তিকা অবশ হইলা কাঁচপোকার ভাবেই ভাবিত হইলা বার। কিছুদিন পরে দেখা যার আরহকা কাঁচপোকাই হইলা গিলছে। ভরত রাজা মৃত্যুকালে দেবদন্ত নামক মুগশিশু চিন্তা করিতে করিতে সন্মুবে সেই মুগশিশুকে দণ্ডারমান দেবেন, তাহার চিন্তই মুগশিশুর ভাবে তয়য় হইলা বাহিরে মুদ্রশিশু সাজিলা সন্মুবে আইবে। বেই অবস্থান মৃত্যু হল বলিলা তিনি মুগন্ধই প্রাপ্ত হলেন। নন্দিকেশর শিবচিন্তা করিলা এই দেবেই শিবন্ধ পাইলাছেন। বাহা তার ভাবে চিন্তা করিলে তাহাই প্রাপ্ত হইবে—ভন্তাবজাবিত হইলে ভাহাই হইবে।

তস্মাৎ সর্বেব্ কালেয় মাহতুস্মর যুধ্য চ।
মযার্গতি মনোবৃদ্ধি মামেবৈষ্যস্থানংশয়ঃ ॥ ৭ ॥

শ শ শ
তস্মাৎ ৰক্ষাদেবমন্ত্যাভাবনা দেহান্তর প্রাপ্তো কারণং তস্মাৎ
আ আ

সর্বেব্ কালেয় আদরনৈরন্তর্যাভ্যাং সহেতি বাবং আপ্রয়াণমহরহঃ
ব ম শ্রী শ্রী
প্রতিক্ষণং বা মাং সগুণমীখরং অনুস্মর অনুচিন্তর তং স্মরণং হি

শ শ শী

চিত্তক্তিং বিনা ন ভবতি অতো যুধ্যচ যুধ্যম্ব চিত্তক্ষার্থং যুদ্ধাদিকং
শ্রী স

স্বধর্মমুতিষ্ঠেত্যর্থ: স্বধর্ম: কুরু বা এবং চ নিত্যনৈমিত্তিক
শ শ
কর্মামুষ্ঠানেনাশুদ্ধিক্ষয়াৎ মুর্যাপতিমনোবৃদ্ধিঃ সন্ ময়ি বাস্থদেবে পিতে
শ য
মনোবৃদ্ধী যস্ত তব স হং ঈদৃশঃ সর্বদ। ম্চিন্তনপরঃ সন অন্তকালে
যা শ
মামেব স্মর্মহার্থ: মামেব এষ্যুদ্দি আগমিষ্যুদি প্রাপ্সাদি অসংশয়ঃ

ম ম ম অত্র সংশয়ো ন বিভাতে। ইদং চ সগুণব্রক্ষচিন্তনমুপাসকানামুক্তং

তেষামন্ত্যভাবনাসাপেক্ষত্বাৎ, নিও প্রক্ষজ্ঞানিনাং তু জ্ঞানসমকাল-

মেবাজ্ঞাননিবৃত্তিলক্ষণায়া মুক্তে সিদ্ধহান্নান্ত্যন্ত্যভাবনাপেক্ষেতি

ज्रकेताम् ॥ १ ॥

আন্তথ্যৰ সৰ্বাকালে আমাকে স্মন্ত কর, ও [ইংার জন্ম] যুদ্ধ কর; আমাতে মন ও বুদ্ধি অর্পন করিলে ভূমি নিশ্চরই আমাকে পাইবে ॥ ৭ ॥ আন্ধ্য—অভিন সময়ে ভোষাকে ভাষিয়া দঃ মরিভে পারিলে বধৰ সক্ষতি হয়-বা, ভবন

বাহাতে **অন্তকালে তেমার ভাবনা হলরে জাগরক খাকে, ভাহাই ত সকলের ক**ণা একাঞ্ কর্মা। বি করিলে ইহা পারা যায় ?

ভগবান্—সর্কণ। আমাকে শ্বরণ কর। এই 'শ্বরণ'' কথাটির ভিতরে সমস্ত সাধনা রহিচা গোলং। অমার্থিচার, থানে, জপ, প্রার্থনা সর্কদা কর। • ব্রাদ্ধ-মৃত্তুতে, মধান্তে [বা স্থানের পরে] সন্ধাাকালে, 'নতা নিয়মিত ভাবে সন্ধাপুলায় ত আমাকে শ্বরণ করিবেই, তিত্তির জন্তু সমণেও "আমার উদ্ধার কর" এই প্রার্থন। করিয়া আমার নাম জপ করিয়া খাও। গতিখালে শ্বনায় শ্বরণ কর। এইটি সমস্ত জীবন ধরিয়া অভ্যাস করিয়া কেলিলেই মৃত্যকালেও কোন তর পাকেনা।

অর্জুন—সর্বাদা জোমার নাম করিব – দৃঢ় ভাবে এই সক্ষপ্ত যাহারা করে, তাহারাও বে ভূলিয়া যায় ? সর্বাদা অরণ করিতে পারে না। কেন পারে না? কি করিলে পারিবে গ

ভগান—স্করিণ দে নাম করিতে পারেনা, তাহার কারণ ভাহাদের প্রকৃত পাণ। পাপ গাকে অলিয়া স্করিণ নাম হয় না। পাপ দ্ব করিণ চিত্ত কি করিণাব কল্প এই সমস্ত লোক বর্ণাশ্রম-ধর্ম মত পুণা করিবে। কর্ম না করিলে কথন চিত্ত ছব্দি হবিবে না। তুমি ক্ষত্রিয়, ক্ষত্রি করিণাব প্রশাক্ষরিয়। আমার আজা বলিয়া, আমার প্রীতি জল্প যুদ্ধ কর। কোন ফলাকাজ্ঞানা রাথিয়া গুমু আমি বলিয়া দি বলিয়া তুমি যুদ্ধ কর—আল্প বর্ণাশ্রম মত জীব সেবা নিতা নৈমিত্তিক কথা করুক, করিলে চিত্ত ছব্দি হইবে। চিত্ত ছব্দি হইলে স্কর্মা আমার শ্বরণ করিয়া নাম করিতে পারিবে। এক্ষপ করিলে মুহাকালে আমাকেই ভাবনা করিয়া সদ্গতি লাভ করিবে; আমাকেই পাইবে। বুঝিতেছ, কথা কণার উদ্দেশ্য কিছু কর্ম করা কেবল আমার প্রতিত জনুবাগ রন্ধির কল্প। যে কর্মে আমার প্রতিত অনুবাগ রন্ধির কল্প। যে কর্মে আমার প্রতিত অনুবাগ রন্ধির কল্প। যে কর্মে আমার প্রতিত অনুবাগরুদ্ধি জল্প যে কর্ম্ম করিবে, পিতা মাজ্রার সেবা বল, লোক সেবা বল, বা দানাদি বল বা নিত্য নৈমিত্তিক কর্ম্ম বল, সেই সমস্ত কর্মে তোমার চিত্ত ভাদ্ধির হইবে; হইলে তবে সর্ক্মা আমাকে শ্বরণ করিতে পারিবে। আমাকে স্করদা যে শ্বরণ করে, তাহার মন ও বৃদ্ধি আমাতেই অপিত হয়, এজল্প সে মুত্যুর পূরে আমাকেই প্রাপ্ত হয়; আমার কাছেই আগ্রেই স্ক্রিক গ্রেষ্ট চিরদিন থাকে।

অর্জ্ন—আর যদি কেই এই জীবনেই তোমাকে পাইতে চায় ?

ভগবান্—সগুণ উপাসক দেহাতে অ:বাকে পান, কিন্তু যি নি প্রতিষ্ঠা অভ্যাস করেন তিনি এই জীবনেই—এই জীবনেই কেন এই কণেই আমাকে লাভ করিতে পারেন—কেবল অধিকারী হওৱা চাই। সগুণ এক-উপাসক মৃত্যুকালে আমাকে ভাবিয়া মনগান্তে আমাকে প্রাপ্ত হরেন, কিন্তু নিগুণ এক-চিত্তাশীল যিনি তিনি প্রণমে বহিজ্জগণকে ভাটাইয়া আপন চিত্তে আনারে করেন অর্থাৎ নিজেন চিত্তই আমাকে ক্ব হুঃথ দিতেছে, তিনি প্রথমে ইহা লক্ষ্য করেন। নিজের চিত্তকে স্বর্গণ লক্ষ্য করিতে যিনি অভ্যন্ত, চাহার বহিন্দ, ভাগনি পাকে না।

পরে তিনি বিচার করেন—হথ ছুঃখ চিন্তের কিন্ত চিত্ত আমান নই, তবে আমার হণছুঃখ আবার কি ? আমি চিত্ত নই, তবে আমি কি ? আহা আমি চেতন, আমিই আরি। তিনি নিশ্চয় করেন—

নাহং ক্লাতো জন্মগৃত্যু কুতো মে
নাহং প্ৰাণঃ কুৎপিপাদে কুতো মে।
নাহং চিত্তং শোক মোহৌ কুতো মে
নাহং কণ্ডা বন্ধমোকৌ কুতো মে॥

জন্মসূত্য জন্মবন্ধর হয়, আন্ধা অজ । কাজেই আমি জন্মাই নাই; জন্মসূত্য ভয় কাহার ? কুখা পিপাসা প্রাণের, তাহাতে আমার কি ? মোহ শোক চিত্তের তাহ্বাতেই বা আমার কি ? কিন মুক্তি যিনি কর্ত্তা অভিমান করেন তাহার—আমিত কর্তা নই, আমার বন্ধন মুক্তি কি ?

এই অবস্থা বিনা সাধনায় লাভ হয় না। তথু মুখের বাচালতার ইহা হইবার নহে।
পুণাকর্ম দারা পাপক্ষ হইয়া যাহাদের চিত্তে আর বিষয় ভাবনা উঠেনা, উপাসনা দারা চিত্ত
নির্মান হইয়া যাহারা সর্বাদা ঈয়র মারণে শাস্ত হইয়াছেন—এইয়প চিত্ত বেমন বেমন
আন্ধানেবের আলোচনা করিতে থাকেন তাঁহার আজান আবরণও সেইয়প সরিয়া যাইতে
থাকে। ক্রমে তিনি সর্বাদা আপনাকে প্রকৃতি হইতে, চিত্ত হইতে, ভিন্ন অনুভব করিতে
পারেন। জাগ্রৎ বাধা স্থাতি অভিমানী বিশ্বপুর্ষ, তৈজস পুরুষ এবং প্রাজ্ঞপুরুষ কিয়পে
ছল বিষয় ভোগে তাগে করিয়া ক্ষ্ম-বিষয় ভোগে যান, ক্ষ্ম-বিষয় ভোগেভাগে করিয়া আনন্দ
ভোগ করেন, শেবে এইয়প জানী আপনাকে সমন্ত বিষয় হইতে স্বভন্ত জানিয়া শাস্তভাবে
আবস্থান করেন। ইহাই জীবমুক্তি।

অভ্যাদযোগযুক্তেন চেতলা নান্তগামিনা। পরমং পুরুষং দিব্যং যাতি পার্থাসুচিন্তয়ন্॥ ৮॥

ৰি ° বি ° বি ° বি তিনকাত্তোণ বছা অভ্যাসে। মৎক্ষরণস্থ পুনঃ, পুনরার্ভিরেক যোগস্তদ্-ৰ শ্বী

ষুক্তেন অভএব নাক্সগামিনা নাক্যং বিষয়ং গল্পং শীলং বস্থা তেন

চেতসা দিবাং দিবি সূর্য্যমণ্ডলে ভবং দ্যোতনাত্মকং অপ্রাকৃতং

শ হালাগানাদিতা" ইতিশ্রতে: প্রমং শ্রেষ্ঠতমং নিরতিশয়ং বা পুরুষধে ম শ দী
পূর্ণং অমুচিন্তরম্ শারাচার্যোপদেশমসুধার্যনিত্যেতৎ নদীসমুদ্রতা য়েন
ব ব ভী শ ব
কীউভূঙ্গতারেন বা ততুলাঃ মূন্ তমেব যাতি, গচ্ছতি লভুতে ইত্যর্থঃ
৬খা চ শ্রুতিঃ "যথা নতাঃ স্তন্দমানাঃ সমুদ্রেহন্তংগচ্ছন্তি নামরূপে
বিহার। তথা বিধান্ পুণাপাপে বিবৃষ্ প্রাংপরং পুরুষমুশৈতি
দিবাম্ ইতি॥৮॥

পার্থ! [সর্কানা মংসাবণের অনুবৃত্তিরূপ] অভ্যাস যোগ যুক্ত [অভএব] অনভাগামী চিত্ত হারা ছ্যতিমান প্রম পুক্ষকে চিত্তা করিছে করিছে তাঁহাকেই প্রাপ্ত হওয়া যায়॥৮॥

অর্জুন-আবার বল মরণকালে ভোমাকে শ্বরণ করিব কিরূপে ?

ভগবান্—অভ্যাস বোগ ঘার। চিন্তকে অন্ত বিষয় ২ইতে প্রভাবর্ত্তন করিয়া ছাতিমান্
পবন পুরুষকে সকলো শারণ করিতে হয়। "শারণ" কণাটি সাধনার প্রাণ। সাধারণ লোকের
পক্ষে ক্ষম পথ এই যে শ্রীভগবান্কে সকলো শারণ করিতে অভ্যাস করিতে হয়। ঘাঁহার
অকুশাসনে চক্র স্থা আগন আপন পথে চলিতেভেন, যাঁহার অকুশাসনে বায়ু প্রবাহিত হইতেছেন,
নদা আপন পথে সমুদ্রে গিয়া মিলিতেছে—ঘিনি আপন শক্তির সহিত যুগগ হইরা সর্ধ্যে
বিরাজ করিতেছেন, যাঁহাদের ভুজন ভিন্ন আর কিছুই নাই "যুবাভাগে নাতি কিছন" তাহাকে
শারণ করিয়াই সন্ধ্যাপুজা জপাদি অভ্যাস করিতে হইবে। অভ্যাস ঠিক হইরা গেলে মুড্যুকালে
আর ভুল হইবে না।

অৰ্জুন-অভ্যান যোগটি কি ?

ভগবান্—চিত্তে একই প্রকার ভাবনার প্রবাহ প্রবাহিত করাই অভ্যাস। বিজ্ঞাতীয় প্রতায় দূর করিয়া সজাতীয় প্রতায় প্রবাহিত করাই অভ্যাস; যবনী চিত্তে একতান প্রবাহ থাকে, এক চিন্তা প্রবাহ কালে অল্প বিশ্বদ্ধ চিন্তা উদর না হইলেই দূচ অভ্যাস জারিল। মনে কর জমধাছিত জ্যোতিরাশি পরিবেটিত ছাতিমান্ পরম পুরুষের চারিদিকে পুরিয়া ঘূরিয়া প্রামা, পুশাঞ্জলি যে বাজি অভ্যাস করিতেছে, যে বাজি মনকে সর্কাণাই জমধ্যে রাখিতে চেষ্টা করিতেছে; অল্পদিকে সন পোলে ও তৎক্ষণাৎ জমধ্যে তাহার ধ্যানের বন্ধতে ভাবনা রাখিতেছে, কাজেই তাহার প্রাণশক্তি ও পুন: পুন: জমধ্যে ছিতি লাভ করিতেছে—কারণ যেখানে ভাবনা বার, সেইখানেই প্রাণ প্রবেশ করে; এরূপ সাধক মৃত্যুকালে প্রভিগ্রান্কে কিছুতেই বিশ্বত

ছইবেন না। এই অভ্যাস রূপ বোগ বা সমাধি ছারা চিন্ত বিনাপ্রবছেই নিরোধ সমাধি প্রাপ্ত ছইল। এইরূপ চিন্ত কথন ইষ্ট্রত্যাগ করিতে পারে না। ঃহা ছারাই পরম পুরুষকে আও হওরা বার। বাহুদেবের চিত্রা করিতে করিতে বাহুদেবই হইরা বাওর। বার। সমন্ত কল্যাণের মূল এই অরণ-অভ্যাস।

কবিং পুরাণমনুশাসিতারম্,

व्यापात्रभाषाः ममञ्जूषात्रम् यः । সর্ববস্থা ধাতারমচিন্ত্যরূপম আদিতবের্ণং তমসঃ পরস্তাৎ॥ ৯॥ প্রয়াণকালে মনসা>চলেন ভক্ত্যা যুক্তো যোগবলেন চৈব। ভ্ৰুবোম ধ্যে প্ৰাণমাবেশ্য সম্যক স তং পরং পুরুষমুপৈতি দিব্যম্॥ ১০ ॥ তেনাতী গ্রানাগতান্তাশেষবস্তমনূর্ণিকেন ক্রান্তদর্শিনং পুরাণং চিরন্তনং পুরাতনং সর্ববকারণ হাদনাদিমিতি যাবং। অনুশাসি-তারম সর্বব্যঙ্কগতঃ প্রশাসিতারম সর্বব্য জগতো নিয়ন্তারং জগতো-অংণারণীয়াংসং অংগাঃ সৃক্ষাদপ্যণীয়াংসং ২ স্থগ্যামিণং আকাশকাল্দিগ্ভোৎপ্যতিসূক্ষ্মতরম্ স্বর্থ ধাতারং স্বর্থ স্রুষ্টারং কর্ম্মফলজা ভস্য ধাতারং বিচিত্রতয়া প্রাণিভ্যোবিভক্তারং বিভজাদাভার: সর্ববস্থা কর্ম্মফলস্থা ধাতারং বিভাগেন প্রদাতার: রূপং নিয়ত্তিঅমানম্পি কেন্চিৎ নাস্থ

नी শক্যং অপরিমিতমহিমত্বেন চিন্তুয়ি চুমশক্যস্বরূপং মলীমস্যোর্ম নে:-বুদ্ধ্যোরগোচরম্ আদিত্যবর্ণং আদিত্যস্তের সকলজগদবভাদকো বর্ণঃ তং সূৰ্য্যবৰ্চসং সৰ্ববস্থ জগতোহবভাসক্মিতিযাবৎ প্ৰকাশো যন্ত গতএব তমদঃ পরস্তাৎ তমদো মায়ায়াঃ প্রকৃতেঃ মোহান্ধকারাদ-জ্ঞানলকণাৎ পরস্তাৎ স্থিতং কর্ত্তমানম্ মায়িনমপি মায়াভীতমিত্যর্থঃ বেদাহমেতঃ পুরুষং মহান্তমাদিত্যবর্ণং তমদঃ পরস্তাৎ ইতি শতেঃ॥ সপ্রপঞ্চপ্রকৃতিং ভিত্ব। যদ্তিষ্ঠতি এবস্ততং পুরুষং প্রয়াণকালে সরণকালে অচলেন প্রচলনবর্জ্জিতেন একাগ্রেণ মনসা তথা ভক্ত্যা যুক্তঃ বি যা সততস্মরণময়ী ভক্তিস্তরাযুক্তঃ যোগবলেন চ এব যোগঃ মনঃ-নী প্রাণেন্দ্রিয়ানিরোধঃ স্থান্যপুর্ণুরীকে তেষাং নশীকরণমিতার্থঃ। भी नी ভষ্টের বলেন চ যুক্তো ভূমিকাজয়ক্রমেণ প্রাণের মূলাধারাদি-ব্রুররন্ধান্তুস্থানেযু আরোহাবরোহক্রমেণ সঞ্চারিতপবনোহস্তকালে ভ্রাবেশ্বিধ্যে আজাচক্রে প্রাণং সমৃক্ প্রপ্রমন্তঃ সন্ আবেশ্য ইড়াপিঙ্গলে দক্ষিণোত্তরে নাড়ো হৃদয়ারিঃসতে নিরুধ্য তত্মাদেব স্পয়াগ্রাদুর্দ্ধগমনশীলয়া সুষুদ্ধয়। নাড্যা হার্দং প্রাণমানীয় কণ্ঠাবলম্বিতং স্তনস্দৃশং মাংসথণ্ডং প্রাপয্য তেনাধ্বনা ভ্রুবোর্ম্মধ্যে তমাবেশ্য স্থাপয়িয়া যঃ কশ্চিৎ অনুস্থারেৎ অনুচিন্তায়েৎ সঃ এবং বৃদ্ধিমান্ ধোগী জং কবিং

পুরাণং ইত্যাদি লক্ষণং দিব্যং ছোত্তনাছাকং পরং পুরুষম্ উপৈতি

সমীপং প্রাপ্নোতি প্রপন্ততে॥ ৯। ১০॥ ।

কবি-[দর্বজ্ঞ], প্রাণ [অনাদি], দর্বনিষ্কা, স্কাতিস্কা, দকলের বিধাতা, অচিস্তাবরূপ, আদিতাবং স্বপরপ্রকাশক, প্রকৃতির অতীত—বিনি এইরূপ পুরুষকে প্রাণপ্রয়ণ সময়ে মনকে একাগ্র কবিয়া ভক্তিযুক্ত হইয়া এবং যোগবল দারা ভারমের মধ্যে প্রাণকে প্রবেশ করাইয়া শ্বরণ করেন, তিনি দেই ছ্যাতিমান্ প্রমপুরুষকে প্রাপ্ত হয়েন॥ ১। ১০॥

অর্জ্ব-কোন্ পুরুষকে সর্বাদা সরণ করিতে হইবে, ভাল করিয়া বল।

ভগবান্—বে পুক্ষ কবি—সর্বজ্ঞ, যিনি ভূত ভবিষ্যৎ বর্ত্তমানে যাহ। ইইরাছিল, যাহা ইইবে যাহা ইইবেছে এ সমস্তই জানেন; যে পুক্ষ পুরাতন—সর্বাকারণের কারণ, যে পুক্ষ সকলের আদি ইইযাও নিজে অনাদি, যে পুক্ষ সর্বানিরস্তা—অন্তরে ও বাফে সকলের লাসন কর্ত্তা, সকলের নিরামক "তৎস্ট্বা তলেবামুপ্রাবিণৎ—শাস্তা জনানামস্তরমবাহ্ন্ম্" যে পুক্ষ আকাশাদি ফ্ল্ম পদার্থ ইইতেও ফ্ল্মতর, যে পুক্ষ সর্বাহ্মীর কক্ষল বিভাগ কর্ত্তা, মন যে পুক্ষর স্বাহ্মীর মত আক্ষপর-প্রকাশক যে পুক্ষ অক্ষকারের পরে — যিনি মারাতীত, যিনি অক্ষণার বিনাশ করেন সর্বান। সেই পুক্ষরের ক্ষরণ অভ্যাস করা চাই : সমস্ত জীবন ধরিয়া যোগাদি উপারে ভাহাকে ক্মরণ করিতে পারিলে—যথন মৃত্যু আক্রমণ করিতে আগিবে, তথন তত্তিসংকারে যোগবনে প্রাণবার্কে জনবে। লইরা যাইতে পারা যায় । প্রীবলম্বে জীলক্ষণ ইহারা প্রাণ প্ররাণ সমরে যোগের হার দেহ-ত্যাগ করিয়া-ছিলেন। এইরূপ করিতে গারিলে সেই ছাতিমানু পরম পুরুষকে পাওয়া যায়।

অজ্ন—''লবের্গ্রে প্রাণমাবেশ্য সম্যক্" ইহাছারা বোগমার্গের কোন বিশেব সাধনা কি বলিতেছ?

ভগৰান্ – বাহারা তৎ, বং, অসি ইহার বিচার করিতে সঁমর্থ, উাহাদের প্রাণের উৎক্রমণ হয় না। অব্ধুত সং চিং আনন্দ ব্রূপ 'তং'বস্তর তিস্তন প্রথম; বঙা চৈত্ত 'ব্রূপ 'হং' বস্তর অনুভব বিতীয়া বঙাচৈতভাকে অব্ধু চিন্তা ক্রাইতে পারিলে ব্যন বঙা আর ধাকে রা, ব্যন সমন্তই এক অবিতীয় অব্ধু তৈতক হইরা বায়, তবন সেই প্রম পুরুষ মাত্র অব্দিপ্ত ধাকেন। জ্ঞানী বিচার বারা ইহা লাভ ক্রেন। ভক্তপণ নাম নামীর লীলা প্রবাহ—ছদরে রাখিরা এবং নাম ও নামীর অভেণ্ড অনুভব করিলা মাধুন পূজার এক অপূর্ক, আনন্দ অনুভব করিতে করিতে এক সরস চিন্তা প্রবাহ সর্বাদা অন্তরে রাখিরা দেহান্তে তাঁহাকে লাভ করেন। ভক্তের এক চিন্তা প্রবাহ কালেও প্রাণ বায়ু জনধ্যে প্রবিষ্ট হর। এখানে কিন্তু খোগীর বট্ কুচক্র ভেদের সাধনাই বলিতেছি।

ভগবান্— শীওলর মুধ হইতে মেলপও মধ্যে ইড়া প্র্যা, পিললা নাড়ীর অবস্থান ওনিয়া लहेरक इस । विश्व सर्वा, वाय हेड्।, এवः पैक्टिश शिक्ता । सर्वात मध्य विश्वित, जन्नावा চিত্রিণী, তথাধ্যে ব্রহ্মনাড়ী। এই স্ক্রনাড়ী মুলাধার পদ্ম ২ইতে সহত্রদল পদ্ম পুণান্ত বিভৃত। মেরুণতের মধ্যে মুলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাগত, বিশুদ্ধাব্য, আজ্ঞা চক্র এই ছয়টি চক্র আছে। এইগুলি বিকশিত পল্মের স্থায়। এই পন্মগুলি ব্রহ্মনাড়ীতে এখিত। সর্কোপরি সংস্ৰদল পদ্ম রহিরাছে। কুলকুওলিনী আন্ধাজির নাম। ''সা দেবী বারবীশক্তিঃ"। এই শক্তি, মুলাধার চক্রে যে স্বয়স্ত্ লিঙ্গ আছেন তাঁহাকে সার্দ্ধ-ত্রিবলয়াকারে বেষ্টন করিরা ব্রহ্মনাড়ীর रुव्यापथ मूच बाता (ताय कतिया व्यायहन । कुछनिनी मर्भाकृति । व्यागायाय बाता এই मस्टिपक জাগ্রত করিতে পারিলে এই শক্তি, অক্যাক্ত চক্রগুলি ভেদ করিয়া সহস্রারে পরম শিবের সহিত মিলিত হইয়া থাকেন। দট্চক্র ভেদ ঘারা এই মিলন ব্যাপার ঘটে। বোগ বা বুক্তি, প্রাণ-বায়ুর কার্য্যের সহিত অতি সুক্ষ ভাবনা। এই ভাবনা দার। সহস্রারে শিব-শক্তির মিলন—ৰট্চক্ৰ ভেদ ৰাবা সাধিত হয় ৷ বোগী মৃত্যুকালে ভক্তি সহকারে যোগ বল ৰাব' প্রাণকে জমধ্যস্থিত আজাচক্রে স্থাপন করিয়। পরম শাস্তভাবে প্রাণ প্রয়াণ ব্যাপার সংঘটন করিতে সমর্থ। মৃত্যুকালে এই যোগ দারা দেহাতে পরম পুরুষকে লাভ করা যায়। যিনি আমার বন্ধপের পূর্কোঞ্জ চিস্তা, প্রবাহরূপে রাখিতে পারেন-সমস্ত জীবন ধরিয়া যোগ মার্গ বা ভिक्तिमार्ग वा ब्लान मार्ग वाहात এक विद्या ध्ववाह थारक ना, छ।हात्र मन्नाखि लाख महरकः हत ना। ভাবনাই সমত সাধনার সার বস্ত-তুমি এই মুহুরে কুলকুওলিনীর ব্রন্ধবন্ধপ পথে প্রবেশ এবং নানা অর্ণের পল্মমধ্যে ভ্রমণ কঁরিতে করিতে, তড়িৎপ্রভার চারিদিক আলোকিত করিতে করিতে, আজ্ঞাচক্রোপরি প্রণব ও বিব্দু পার হইয়া পরম পুরুষকে ধীরে ধীরে ম্পর্ণ-এই ভাবনা কর দেখিবে এই দঙেই তুমি কত শাস্ত হইরা যাও ; বাঁহারা বোগী তাঁহারা প্রাণান।মাদি সাধুনা ছারা এই ব্যাপার সম্পন্ন করিয়া কভ যে আনন্দলাভ করেন্ড-ভূমি ভাবনা ছারা ঁণাস্ত হইয়। তাহার কিছু ঋওতাস অনুভব করিতে পারিবে। তুমিই শক্তি তাহার কোন गत्मर नारे। भक्ति व्यत्रक्तः। भक्ति कृत रहेशा कागु श्री; कर्त्मत्र श्रकते मूर्वि त्मरः। ন্তুন দেহ ভাবনা ত্যাগ করিলা তুমি ভাবনা কর, তুমি সুন্মণাভ। এই শক্তি অতি সুন্ম নাড়ীর ভিতরে প্রবেশ করিতেছে: ক্রমে তিকোশমগুল পার ছইরা পরম শিবকে স্পর্ণ করিতেছে---করিলা দেখ এই দতেই অতি শীতৰ একটি অবস্থা অমূভব করিতে পারিবে। যে যোগী জীৱন ধরিয়া প্রাণবাস্কে বশীভূত করেন, তিনিই মৃত্যুকালে আঞাচক্রে প্রাণবার্কে প্রবেশ कताहेश कारतत इस इहेटल तका भारेना थारकन । विना माधनात मृजू। लग्न करा वात ना ।

জ্ঞান ও ভক্তির মিশ্রণে ভগবৎ বরূপের একটি চিস্তা প্রবাহ পাকে। ইহাও উত্তর। শাল্প

বলেন—নারদ বশিষ্ঠ ব্যাসাদি জ্ঞানিগণ তাঁহারই কথা বলেন, সন্ন্যাসিগণ তাঁহাতে প্রবেশ করিলা স্বথে থাকেন এবং ব্রহ্মচারিগণ তাঁহার জন্মই ব্রহ্মচর্য্য করেন। পর শ্লোকে ইছাই বঙ্গিছেছি।

> যদক্ষরং বেদ্বিদো বদন্তি, বিশক্তি যদ্যতয়ো বীতরাগাঃ। যদিচ্ছত্তো ব্রহ্মচর্য্যং চরন্তি, তত্তে পদং সংগ্রহেণ প্রবক্ষ্যে॥ ১১॥

বেদবিদঃ বেদার্থজ্ঞাঃ বেদার্থবে দিনঃ উপনিষ দ্বিদঃ যুৎ ব্রেকা আক্ষরং ন ক্ষরতীতি অক্ষরং অবিনাশি ওমিতি বাচকম্ ওঁকারাণ্যং ব্রহ্ম বদন্তি "তদ্বা এতদক্ষরং গার্গি! ব্রাহ্মণা অভিবদন্তি" "এতস্থ ব। অক্ষরস্থ প্রশাসনে গাগি! সূর্যাচন্দ্রমসৌ বিধ্রেটা ভিষ্ঠত" ইত্যাদিশ্রুতঃ ন কেবলং প্রমাণকুশলৈরের প্রতিপন্নম্, কিন্তু বীতরাগাঃ বিগতো-রাগো বেভা স্তে নিঃস্পৃহাঃ যতরঃ যচনশীনাঃ সর্গাসিনঃ যথ ব্রহ্ম বিজ্ঞানৈকরদং বিশন্তি সমাগ্দর্শনপ্রাপ্তো সত্যাং প্রবিশন্তি ন কেবলং , সিধৈরমুভূতং সরিৎসাগরস্থায়েন য্ৎ সাধকানামপি সুর্বোহপি প্রয়াসস্তদর্থ ইত্যাহ যৎ অক্ষরং ইচ্ছন্তঃ জ্ঞাতুং নৈষ্ঠিকা ব্রহ্মচারিণঃ ব্রহ্মচর্য্যং গুরুকুলবাসাদি-লক্ষণং উদ্ধরেতঃ স্বন্ধংবা চরত্তি অমু িষ্ঠিন্তি যাবজ্জীবন্ তৎ অক্ষরাখ্যং ব্রহ্মাখ্যং পদং পদ্ধতে লভ্যতে অনেনেতি পদং বর্ণত্রয়াত্মকং পদনীয়ং বা স্থানং বিষ্ণোঃ পরমং পদং তে তুভাং সংগ্রহেণ সংক্ষেপণ অহং প্রক্ষা প্রকর্ষেণ কথায়িয়ামি যথা তবং বোধোভবতি তথা। অভন্তদক্ষরং কথং ময়া জ্বেয়মিত্যাকুলো মাভূরিতাভিপ্রায়:।। অত্র চ পরস্ত ব্রহ্মণো চ 'যঃ পুনরেতজ্রিমাত্রেণোমিত্যনেনাক্ষরেণ পরং বাচকরূপেণ পুরুষমভিধ্যায়ীত স তমধিগচছতি" "প্রণবো ধনুঃ শরোহ্যাত্মা ব্রহ্ম-তল্লক্ষ্যমূচ্যতে অপ্রমত্তেন বেদ্ধব্যং ^{*}শরবন্তশ্ময়ে। ভবেৎ" "সর্বের বেদা যৎ পদমামনস্তি তপাংসি সর্ববাণিচ যম্বদস্তি। যদিচছন্তো ব্রমাচর্য্যং চরম্ভি তত্তে পদং সংগ্রহেণ ব্রবীন্যোমিভাতৎ" ইত্যাদি-বচনৈম নদমধ্যমবৃদ্ধীনাং ক্রমমুক্তিফলকমুপ সনমুক্তং তদেবেহাপি বিবক্ষিতং ভগৰতাংতোযোগধারণাস্হিত্মোক্ষারোপাসনং তৎকলং ততোপুনরার্ত্তিস্তন্মার্গন্চেত্যর্থ-জাতমূচ্যতে **,** যাবদধ্যায় नमाखि॥ ১১॥

বেদবিদ্যাণ যে প্রক্ষকে অক্ষর বলেন, অনাসক্ত যতিগণ বাঁহাতে প্রবেশ করেন, বাঁহাকে জানিতে ইচ্ছা করিয়া ব্রহ্মচারিগণ ব্রহ্মচর্ঘ্য অফুষ্ঠান করেন, সেই ব্রহ্মাধ্য পদ ভোমাকে সংক্ষেপে বলিতেছি॥ ১১॥

শৰ্ক্স-ভুগৰান্কে ক্ষরণ করিবার সর্বত্যেষ্ঠ উপায় বল।

ভগৰান্—শ্ৰুতি ওঁকার ময়ে ভগবানের বে শ্বরণ তাহাকেই ভগবৎপ্রাপ্তির শ্রেষ্ঠ উপার বলিতেছেন। বত ময় আছে ওঁকার মন্ত্রই তাহাদের মধ্যে সর্কংশ্রেষ্ঠ। বাঁহারা বেদুকা তাঁহারা ওঁনামক অক্ষরকেই ব্রহ্ম বলেন। মাণ্ড্কাশ্রুতি বলিতেছেন ওমিত্যেতদক্ষর্মিদং সর্কং। সর্কং হেতদ্বহ্ম। অন্নমান্ত্রা বহু। ইত্যাদি।

শুস্থ বৈ বেদক্ত প্রমাণকুশন মহাস্থাগণ ওঁকে ব্রহ্ম প্রতিপাদন করেন— তাহা নহে, রাগ-বেষ
শৃস্থ সিদ্ধ সন্ন্যাসিগণ, নদী বেষন সাগরে প্রবেশ করে, সেইরূপে স্বরূপদর্শন ও সম্যুক্জানে
আকর ব্রহ্মে প্র্বেশ করেন। শুধু যে সিদ্ধপুক্ষের। তাঁহাতে প্রবেশ করেন, তাহা নহে; কিন্ত বাঁহারা সাধক তাঁহারাও তাঁহাকে পাইতে ইচ্ছা করিয়া গুরুগৃহে অবস্থান পূর্বক ব্রহ্মচর্য্য ব্রত ধারণ করেন, উর্দ্ধরেত। হুইয়া থাকেন। আমি এই ওঁক:রের কথা বলিব।

অর্জুন—অতিহুজের ওঁকারত র আমি কি অনুভব করিতে পারিব ?
ভগবান্—তোমার ব্যাকুল হইবার আবগুক নাই; আমি সহজ করিয়াই বলিতেছি।
কঠক্ষতি বলেন"সর্ব্বেবেদা বৎপদমামনন্তি তপাংসি সর্ব্বাণি চ ব্রদ্ধি।
ব্যাক্তিয়ো ব্রহ্মচর্যাঞ্চরন্তি তত্তেপদং সংগ্রহেণ ব্রবীম্যোমিত্যেতৎ ॥

ওঁই পরম পদ। সমস্ত বেদ এই ওঁকার্মকে ঘোষণা করেন; সমস্ত তপস্তা ইঁহারই জন্য, ইঁহারই জন্ম ব্রহ্মচর্য্য আচরণ। যোগধারণার সহিত ওঁকারের উপাসনাই পুনর্জ্জন নির্ভির শ্রেষ্ঠ উপায়।

অর্জুন—ত্ত্বমন্তাদি মহাবাক) বিচার দারাও ত পরব্রহ্মকে জানা বার, তবে ওঁকারকেই শ্রেষ্ট আত্রায় কেন বলিভেছ ?

ছপৰান্—উত্তম অধিকারী মহাবাকা বিচার খারাই আত্মন্তান লাভ করেন। কিন্তু মধ্যম অধিকারী বা মন্দ অধিকারীর গ্রন্থ ক্রমমুক্তি ফলপ্রদ ওঁকারের উপাসনা। ওঁকার উপাসনার কথা আমি পরবতী শ্লোক সমূতে বলিডোঁছ। এখানে এই মাত্র বলি বে বছক্রতি এই ওঁকার উপাসনাকেই শ্রেষ্ঠ উপাসনা বলিতেছেন। ওঁকার মন্ত্রই সর্ক্তিপ্রচ মন্ত্র। গোল বিবরে ওঁকার মন্ত্রের তুল্য অক্ত কোন মন্ত্রনাই। যোগধারণার সহিত ওঁকারের উপাসনার কথাই বলিতেছি প্রবণ কর॥ ১১॥

সর্ববিধারাণি সংযম্য মনো হৃদি নিরুধ্য চ।

মৃদ্ধা্যাধায়াতানঃ প্রাণমান্থিতো যোগধারণাম্ ॥১২॥

গুমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্মামনুস্মারন্।

যঃ প্রয়াতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্ ॥ ১০॥

না খা না

সর্ববিধারাণি সর্ববাণি বিষয়োপলব্ধিধারাণি ইন্দ্রিয়াণি সংব্দা

স্বস্থবিষয়েভ্যঃ প্রত্যাহ্নত্য বিষয়দোষদর্শনাভ্যাসাত্তবিমূশতামা-

পাদিতৈ । ভ্যোত্রাদিভি: শব্দাদিবিষয়গ্রহণমকুর্ববন্ বাছেক্সির-নিরোধেহপি মনসঃ প্রচারঃ স্থাদিত্যত আহ ্মনোহৃদি নিরুধ্য চ অভ্যাস বৈরাগ্যাভ্যাং বর্জে (৩৫শ শ্লোকে) ব্যাথ্যাভাজ্যাং হৃদয়দেশে क्रमश्र अत्रोदक मदनानिक्या निव्यक्षत्रमाशामा व अस्तर्वश विषश्विष्ठा-মকুর্ববিমিত্যর্থঃ, এবং বহিরস্তরুপলব্ধিদারাণি সর্ববাণি সংনিরুধ্য তেষাং ক্রিয়াদারং প্রাণ বায়ুমণি সর্বতো নিগৃছ হৃদয়মানীয় ততো-নির্গতিয়া স্থ্রুয়া কণ্ঠজনধ্যললাটক্রমেণ মৃদ্ধি আধায় জ্বোর্মধ্যে তত্বপরি চ গুরাপদিফীমার্গেণাবেশ্য আদৌ হৃৎপল্পে বশীকুত্য তত্মাদুর্দ্ধ-গতয়া স্থ্রয়া গুরূপদিষ্টবর্ত্মনা ভূমিক্সক্রমেণ জ্রাবার্মধ্যে ততুপরি বেকারক্রে চ সংস্থাপ্য আক্সনঃ ধোঁগধ।রণম্ আমবিষয়সমাধিরূপাং ধারণাং আস্থিতঃ আভ্রিতবান্ সন্তি ইতি বাচকং একাক্ষরং একং থকরং একা ব্যাহরন্ অন্তরুচ্চারয়ন্ তদর্পভূত; মাং ঈশরং অনুসারন্ অমুচিন্তয়ন যো হি দেবদক্তং স্মৃহা তন্নাম ব্যাহরতি তাস্মে দেবদক্তোহত্তি-মৃথো ভবতীত্যেবং ব্রহ্মণোনামোচ্চারণেন সন্নিহিত্তরং ব্যাপকং ব্রহ্ম সাধকন্ম সন্নিহিতে চ ব্ৰহ্মণি যে৷ দেহং ত্যন্ধ মিয়মাণঃ প্ৰধাতি

নী দ জির্নাড়া। যাতি সঃ দেবধানমার্গেন ব্রহ্মলোকং গন্ধা ভূজোগান্তে ম পরমাং প্রকৃষ্টাং গতিং মজ্রপাং যাতি। তার পভঞ্জলিনা "তীব্রসংবেগানামাসরঃ সমাধিলাভঃ" ইত্যক্তন্ম । তিল্লপস্তদর্থভাবনং ম পর্নিধানাং চ ব্যাখ্যাতং "তম্ম বাচকঃ প্রন্যঃ। তল্জপস্তদর্থভাবনং ম শইতি 'সমাধিদিদ্ধিরীশ্বর প্রণিধানাং" ইতি চ। ইহ তু সাক্ষাদেব ম ভতঃ পরমগতিলাভ ইত্যুক্তং, তন্মাদ্ধিবোধায় "ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরশ্মমসুস্মরন্ধান্মনো যোগধারণামান্থিত" ইতি ব্যাথ্যেয়ম, বিচিত্রন্ম ম কলভোপপত্রেবিল ন বিরোধঃ॥ ১২ । ১৩॥

সর্বহাব বন্ধ কৰিয়া [বাহিরের জ্ঞানের দার অরপ ঁপ্রোত্রাদি সমস্ত ইন্দ্রিয়কে বিষয়ে দোষদর্শন দারা প্রত্যাহরণ করিয়া] মনকে গুদরে সর্বব্যোতারে বোধ করিয়া [অভ্যাদ ও বৈবাগ্য দ্বাবা ভিতরে জ্ঞানের দ্বার অরপ মনকে বিষয় চিস্তা কৰিতে না দিয়া],এবং [ক্রিয়াব দ্বাব অরপ]-প্রাণকে ক্রমধ্যে ধারণ করিয়া আত্মসমাধিরূপ বোগধারণা আশ্রয় করিয়া, ও এইব্রহ্মরূপ একাক্ষর উচ্চারণ পূর্ব্বক আমাকে অবণ কবিতে কবিতে যিনি দেহত্যাগান্তে [অচ্চিরাদি মার্গে] গমন করেন, তিনি পরনা গতি প্রাপ্ত হয়েন॥ ২২।১৩॥

অর্জুন—"তত্তেপদ: সংগ্রহেণ প্রবিক্ষ্য" বন্ধাখ্য গদ তোমাকে সংক্ষেপে বলিতেছি তুমি পূর্ব শ্লোকে ইহা বলিয়ছ। বন্ধাখ্য প্রাপ্তিম জন্ম ধোগণান্তে যে উপায় তাহাই যোগধারণার সহিত ওঁকারের উপাসনা। এই উপাসনায় কি করিতে হইবে তাহাই বল; তা'র প্রে ভজ্মার্গের উপায় বলিও। 'ভজাাযুক্তো যোগ বলেন চৈব" পূর্বের বলিয়াছ।

ভগবান্—এপম—সর্কটালৈয় দার সংযম কর। চকু কর্ণ ইত্যাদি ইল্রিছ। ইল্রু বা আছা বাহার উপব প্রভূত্ব করেন তাহাই ইল্রিয়। আছা, শক্তির উপব প্রভূত্ব করেন ব্লিয়া ইঞ্রিয় ছলি শক্তি। ইল্রিয় জ্ঞান লাভের দাব; প্রথমে ইল্রিয়গুলি দমন কর। ইল্রিয় হাহাতে শ্রুদি

বিষয় এছণে বিষয়ত হয়, তাহাই কর। বিষয়গুলি দোষবৃক্ত—ইহা সর্বাদা অন্ত্যাস কর। বিষয় দোষ-দর্শন অন্ত্যাস হইয়া গোলে চকু আর রূপ দেখিতে ছুটিবে না — কারণ দৃশুক্তর লানা দোষদুক্ত। কি আর দেখিব ? কি আর গুনিব ? কতইত দেখিলাম— কতইত গুনিলাম— দেখা গুনার
তৃত্তি ইইল না— বাহা ক্ষণিক তাহাতে তৃত্তি ইইতেই পারে না। অতএব রূপ রুসাদি
বিষয় গুলিতে আর আমাব আয়া নাই। এইরূপে বিষধে ঘণন বৈরাগা অন্ত্যাস হইল—
তথন ইন্দ্রিয় আর বাহিবে ছুটিবে কা। শক্তি গুলি, তথন আর বাহিবের কোন বস্তু যে
চাহাদিগকে তৃত্ত করিতে পারে না, তাহা বেশ বৃথিতে পারে। বাহিবে আননন্দের কিছু
নাই বলিয়া সাধক ভিত্তের শক্তিমানের দিকে বাইতে চেটা করেন। ভিতরে প্রবেশ চেটাতেও
একটা হব্দ পান। জগ, ধ্যান, আয়বিচার বীইয়া যথন থাকিতে পাবেন, তথন ইন্দ্রিয় সংব্দ
হইয়া বায়। বাহিবের বিষয়ে বৈরাণা ও ভিতবের আয়ারামে থাকা অন্ত্যাস এই ছুই উপারে
সর্বায় বন্ধ হয়।

वर्ष्युन—हिन्तिय निर्वाध कविलाहे उ गव हहेल—"मत्नाकृषि निरुधा ए" किन ?

ভগবান্ – বিষয় হইতে ইন্দ্রিয় সমূহকে প্রত্যাহবণ করিলেও মন পূর্ব্ব পূর্ব্ব সংক্ষার জুলিরা সর্ব্বদ। অসম্বন্ধ প্রলাপ করিয়া থাকে – মনের এই চিস্তা নিবারণ ববা আবশুক।

অর্জুন—মনের অসম্বন্ধ প্রলাপ ছুটিবে কিব্রপে গ

ভগবান—দ্বিতীয়-মন এতিগবান্কে চিন্তা না কবিরা, তাঁহাকে শ্ববণ না কবিয়া, তাঁহার ব্যা লইযা না পাক্ষা যথনই অক্স কথা, অন্য চিন্তা বা অন্য সন্থকে প্রলাপ তুলিবে, তথনই মনকে উপদেশ ও তিবন্ধাৰ কবিতে অভ্যাস কৰা একটি বালককে চরিত্রবান্ কবিতে ২ইলে যেমন সর্বদা চাহাকে উপদেশ দিতে হয়, অন্যায় করিলে সক্দা বেমন তিরন্ধার কবিতে হয়, দেইরূপ চিত্র বালককে সর্বদা উপদেশ কর—অসম্বন্ধ প্রলাপ করিলে বেশ করিয়া তিরন্ধাৰ কবা — এইকপ কবিলে মন কংপুত্রবীকে ইপ্তদেবতাৰ ধ্যান, মানসপূকা ইত্যাদি করিতে পাবিবে । একপ কবিলে মন নিক্ষা হইবে । একদিনে বা ত্রইদিনে ইহা হয় না—বহুকাল ধ্যিয়া ইহা অভ্যাস কর—যতদিনে মন অসম্বন্ধ প্রলাপ ত্যাগ না করে, মতদিন না মন স্বস্থ হয়, তত্তদিন ইহাবে পশ্চাতে লাগিয়া থাক—ইহাকে বিবাগী কব—ইহাকে আত্মারামেৰ কপ গুণ্ডে আকৃষ্ট কর, ইহাকে আন্মারামেৰ নিকট প্রার্থনা ক্যান্ত, তবে হইবে । বায়ু নিরোধ পূর্বক ক্রমণ্ডে প্রার্থনা—ইহা যোগীৰ আয়ন্ত।

শক্ষন—হানবপুগুরীকেই মনকে নিবোধ কবিতে চ্ইবে, আননা খোগাও করিলে চ্ইবে না প্রথান— মাধার পদ্ম হইতে সভস্মল পদ্ম পদাস্ত সকল পদেই মনকে ধাবণা করিবাব ব্যবস্থা আছে। উন্নধ্যে নাভি, ছদর ও জামধ্যে ধ্যান কবিলেও হ্ব। ব্রাহ্মণেরা সন্ধ্যা করিবাব সম্ম এই তিন স্থানেই মনের ধারণা কবেন। হানরপদ্ম ইষ্ট দেবতার ধ্যান কবার স্থাবিধা এই বে কুন্তকে এই ধ্যান হয়। কিন্তু পরাবস্থার সভস্যাবে প্রীগুজর ধ্যানই প্রণাতঃ।

व्यक्षत--वाहित्व हे क्रियावायक्षति ও जिल्हात मत्नाचार यक्त कृतिया शत्य कि कृतिएल स्ट्रेट्स ?

ভগবান্—ইন্দ্রিষাবিদিয়। বাহিবের বস্তু জ্ঞানমূর্ত্তিতে ভিতরে প্রবেশ করে এবং মনোধার দিয়া তৎসম্বন্ধে সকল বিকল্পও নিশ্চন্ন হয়: পবে ক্রিয়াঘাব দিয়া জ্ঞানের কার্যান্ত্র। প্রাণই প্রধান ক্রিয়াঘার। ইন্দ্রিষ নিবাধে হইলে এবং মন গুৎপুগুরীকে নিরুদ্ধ ইইলে পরে প্রাণায়াম ও কৃষ্ণক ঘাবা প্রাণকে প্রথম কঠুকুলে, পবে ক্রমধ্যে বা সহস্রাত্র স্থির করিলে যোগধারণার আশ্রম লওয়া হইল। এই অবস্থার আমাকে শ্রবণ কবিছে ক্রিছেও ক্রার উচ্চারণ করিয়া বিনি দেহত্যাগ করেন, তিনি-নেব্যানে গমন করেন, কবিয়া প্রমাগতি প্রাপ্ত হয়েন। ক্রিকেপ দেহত্যাগ ক্রিতে হয় ভাহাই বিলিলাম, কিন্তু জ্ঞানীব প্রানের উৎক্রামণ হয় না, এই জ্লোই তিনি জীব্যুক্ত হয়েন, দেহান্ত পর্যন্ত অবেশক। করিতে হয় না। জ্ঞান হইয়া গেলে প্রারন্ধক্ষ পর্যান্ত দেইটা কশ্ম করিলেও সে কপ্রে কোন বর্মন হয় না। ২২।১০।

অনন্যচেতাঃ সততং যে। মাং স্মরতি নিত্যশং। তম্ভাহং স্থলভঃ পার্য! নিত্যযুক্তম্ম যোগিনঃ॥ ১৪॥

ষ এবং বাঝুনিরোধবৈধুর্যোণ ক্রবোর্যধ্যে প্রাণমাবেশ্য মূর্জভয়া ম
নাড্যা দেহং তাক্ত্রু পেচছয়া ন শক্রোতি, কিন্তু কর্মাক্ষয়েণের পরবশো

দ লহং তাজতি তন্তা কিং স্যান্তিতি তদাহ জনভোতি। হে পার্থ!

শ শ শ শ

প্রতিদিনং যাবজ্জীবনং সততং সর্বাদা নিরন্তরং সতত্মিতি নৈরন্তর্য্যা

মূচ্যতে নিভাশ ইতি দীর্ঘ কালহমূচাতে ন ম্যান্সং সম্বংসরং বা স্মরতি

ব শ

স্কাচনজপানিষ্ সুসন্তরে তন্তা নিভাযুক্তন্তা, নিভাং যোগিনামাবশ্যকনী

যুক্তাহারবিহারাদৌ যমনিয়্রমাদৌ চ যুক্তন্তাবহিতন্তা সভত সমাহিত্তা

নী নী ন

সুখেন লজ্বঃ। ইতরেষামতিওল্ল ভোষণি হে পাথ। তবাহমতিস্থলভো

মা ভৈষীরিত্যভিপ্রায়ঃ॥ ১৪॥

হে পার্থ অনুভাচিত্ত হইয়া নিরন্তব 'যিনি আমাকে যাবজ্জীবন [ধরিয়া] শুবণ করেন, সেই নিত্যযুক্ত যোগীর,আমি হুখলন্ডা॥ ১৪॥

অর্জ্ব-শুর্বোক্ত "যোগধারণা" যে পারিল না--সে ও বেচছাতে দেহত্যাগ করিতে পারিবে না, তাহার কি হইবে !

ভগবান---বাহ্নিয়োধ পূর্বক জ্মানের প্রাণ আনিয়া ও উচ্চারণ করিতে করিতে দেহত্যাগ কৰা, সকলে পাবে না: কিন্তু যে ব্যক্তি আমাকেই চায়, যাহাব চিত্ত আমা ভিন্ন অক্স কোন কিছতে আসক্ত চইতে চায় না - এটকপ বিষয় বিবাগী এবং মদকুরাগী পুশ্ব ঘাবজীবন ধরিষা ষধন প্রতিদিন প্রতিক্ষণ আমাতেকই মাবণ করা অভ্যাস কবেন-ভ্রথন সেই ব্যক্তি ও অ্যামাতেই নিভার্জ। দেই যোগীর নিকট আমি অনাধাসলভা। অজ্না তমি অনুভচেতা হুহুগা প্রকাশণ আমাতে চিত্র সমাহিত করিতে অভ্যাস কর।

পথে হাটিতেছ বা শ্যায় শ্যুন কবিয়া মাছ বা যুখন যে অবস্থায় থাক, হুংখে रिभट मन्याम, मकल व्यवसाय आभारक प्रायं कत्र, युवन कविया कविया अधिना कत्र, अधिना কবিষা আমার নাম জপ কর-আমাকে শ্ববণ কবিষা আমার নাম করিয়া ডাকিলে আমি তাংকার নিকটে প্রকাশ হট। ৪প, ধ্যান, মামুবিচার লইণা আমায় প্রথণ অভ্যাস কর যাবজ্জীবন অবিচ্ছেদে খাইতে শুইতে উঠিতে বসিতে—সর্বদা আমাকে অরণ কর— ছুখে ছুলে বিপদে সম্পদে ব্যক্তরারে আধানে--্যেগানে থাক, যেমন অবস্থায় থাক, আমাকে ডাকিয়া যাও—মুকুভেবে কি আব ডোমাৰ ভয় থাকিবে ° আমি এইকপ বোগার অনায়াসলভ্য।

> শ্যাসনক্ষোহ্থ পথি বুজন বা সহ: পরিকীণ বিতর্ক জাল: সংসার বীজকর কীণমানঃ স্থারিত্যমূক্তো২মৃত ভোগভোগী শ

অৰ্জ্যন-প্ৰতিদিন প্ৰতিমূহুৰ্তে সক্ষ্যাপাৱে কি তোমার শ্বরণ রাখা যায় গ

ভগবান--"তত্মাৎ সর্বেণ্ কালেণু মামকুত্মরযুদ্ধ চ" ৮।৭ লোকে ইহাইত বলিবাছি। আবার বলি সমস্ত ধর্ম কার্য্যে আমাকে মারণ করিয়া কর্ম করা যায়। অধর্মা কলে হয় না। আবর্দ্ম কর্ম যদি না কর, তবে জাগ্রংকালে যতক্ষণ পুরুষার্থ সজাগ থাকে, ততক্ষণ আমাকে স্মরণ কর। নিজার পুরুষার্থ থাকে না বলিয়া নিজার পুর্বের আমার অরণ করিয়া লও। পরে নিজা যাও। এই অভাাস কর, মৃত্যুর জন্ম ভাবনা নাই, আমি আছি। ১৪।

যা

মামুপেত্য পুনৰ্জনা তুখালয়মশাখতম্। নাপ্রুবন্তি মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ ॥১৫॥ মহাত্মানঃ মহাত্মহং প্রকৃষ্টসত্ববৈশিষ্ট্যং যত্ত্বঃ যথাবস্থিত-মৎস্বরূপজ্ঞানাঃ, পরমাং প্রকৃষ্টাং সর্বেবাৎকৃষ্টাং সংগিদ্ধিং মোক্ষাখ্যাং

মুক্তিমিভিযাবৎ গতাঃ লব্ধবন্তঃ ততন্তে মাম্ ঈশ্বরং উপেত্য প্রাপ্য

মস্তাবমাপত তুংখালয়ং তুংখানামাধ্যাত্মিকাদীনামালয়মাশ্রয়ং আলীয়ন্তে

যশ্মিন্ তুঃখানি তৎ তুঃখালয়' জন্ম যন্ধা গর্ভনাসযোনিষ্কারনির্গমনাদি অনেকতুঃখন্থানং অশাধতং অস্থিরং দৃষ্টনন্টপ্রায়ং নশ্বং তুচ্ছং বা

পুনৰ্জ্জন্ম মনুষ্যাদিদে্হসম্বন্ধং ন আপুৰন্তি পুনন বিক্তুইতাৰ্থঃ॥ ১৫॥

আমাকে পাইয়া [তাঁচারা] নখর ক্রেশ পূর্ণ পুনজ্জন প্রাপ্ত হন না িষেহেতু দেই] মহাত্মাগণ উৎকৃষ্ট গতি প্রাপ্ত হইয়াছেন॥ ১৫॥

অৰ্জ্জন—নিও,বুক্ত যোগীৰ নিকটে তুমি সহজলভাই না হয় হইলে—তাহাতে কি হইল ? ভগবান্-মোকাখা উৎকৃষ্ট গতি যে সম্ভ মহাত্মা লাভু করিলেন, তাঁহাদিগকে আর জন্মগ্রহণ করিতে হয় না। পুনর্জনিতান্ত নম্বৰ এবং সর্কপ্রকার ছঃখের আলয়। আমার প্রমন্তত্ত শুক্ষ ও আমার নিকট প্রার্থনা করিরাছিলেন :---

> গতাগতেন আত্তোহমি দীর্ঘসংসারবর্ত্ব । গৰ্ভবাদে মহদৰুণ ক্ৰাহি মাং মধুসুদন ॥

অর্জুন-পুনর্জার যে কত ছঃথের আলয়, তাহা তুমি ৪।৯ লোকের ব্যাধ্যার বলিয়াছ। এখন পুনৰ্জন্ম ঘাহাতে না হয় তাহার কথা বলিতেছ। মৃত্যু অপেক্ষা কেশ আর কিছুই নাই। বাহারা বলে বৃদ্ধাবহার মৃত্যুতে কোন কেশ নাই—বৃদ্ধাবহার মৃত্যু খাভাবিক—ভাহারী প্রকৃত कथा वृत्ता ना अवश्र लाशन करत । मृजूर् शृत्ति नकलित्रहे नगा, कक्क खन्नश त्वाध हहेत्त्रे ! মজিকের মধ্যে শতর্শিক দংশন হইবেই। এইটি বিকেপ অবস্থা-তাহার পরে লয় অবস্থা আসিবে —আসিলা মৃত্যু হইবে। জরা মরণ হইতে পরিজ্ঞাণ পাইবার জক্মই তোমার আগ্রয়গ্রহণ করা। ত্মি সহজে দেহত্যাগ কিরূপে করা যাইতে পারে তাহার কৌশল বলিভেছ।
আর একবার বল জ্ঞানী, যোগী ও ভক্ত কোন্ উপারে মৃত্যু অতিক্রম করেন।

ভগৰান্—অতি আবেশুকীয় কথা জিজ্ঞান। করিয়াছ। সকলেরই ইহাজানা উচিত এবং জানিয়া কার্য্যে পরিণত করা কর্ত্তব্য। তাবণ কর।

প্রথম জ্ঞানীর মৃত্তের — যিনি জ্ঞানী. , দেহত্যাগ সমরে তাহার প্রাণের উৎুক্রমণ হয় না।
জ্ঞানী এই জ্লেই মৃত্যু অতিক্রম করিয়া জীবন্মুক্ত হয়েন। তাহার সম্প্রেম্বিক হয়। এই জ্লেই
, তাহার সম্প্রেম্ব নিবৃত্তি রূপ প্রমানন্দ প্রাপ্তি খটে। কিকপে এই অবস্থা এই জ্লেই লাভ হয়
লক্ষ্য কর।

कानी अबूक्टर करत्र न किनि (एकन । किनि (पर नर्सन, किनि मन्छ नर्सन । (पर छ मन এবং অজ্ঞান এই তিনটিকে সূল, সুলা ও কারণ শরীর বলে। যিনি চেতন তিনি কোনও শরীর নহেন। দেহ ও দেহের কার্য্য যাহ। তাহা প্রকৃতির। কর্ম করে প্রকৃতি। জঃনী জানেন যে প্রকৃতির সহিত তাঁহার বা চেতনের কোন সম্বন্ধ নাই। আয়ে। প্রকৃতি হইতে ভিন্ন। রোগ শোক कर्ता व्यक्ति गापि এ সমস্তই দেহের ও মনেব। মৃত্যু হয় দেহের। আত্মার মৃত্যু নাই, ্রাগ শোক জর। আধি বাাধি কিছুই নাই আশ্বা;আনন্দময় চির হুখময়। জ্ঞানী আশ্ব শ্বপ্র থাকেন বলিয়া দেহের বা মনের ব্যাধি আধিতে তাঁহার ক্রেশ নাই। প্রকৃতিই সকল কর্ম্ম করে বলিয়া—তিনি কোন কর্ম্মে কর্তা নহেন। অহং কর্ত্তা এ অভিমান জ্ঞানীর নাই। মৃত্যুতে অভি-মান নাই, স্থহুঃখেও অভিমান নাই। তুমি আসা তুমি দেহ নও—তুমি এই অভ্যাদ দৃঢ় কর, দেখিবে তুমিও জীবমুক্ত হইয়া গিয়াছ। তুমি আঝা, তুমি চেতন এই অভ্যাস দৃঢ করিতে হইলে ভূমি দেহ নও এবং ভূমি মন নও ইহার সাধনা ভোমণয় ক্রিতে হইবে। প্রাণায়াম দারা মনকে াব্যয় হইতে দেহের মধ্যে হৃদ্পুগুরীকাদি কোন স্থানে ধারণা কর। মনকে বারণাভাগেরী করিয়। প্রমণিবের বামে প্রমাণ্ডি বসিয়াছেন ভাবনা করিয়া নেই থানে মান্স পূজা কর। এই গভাসে দত হইয়া সেলে সেই নিৰ্জন প্ৰদেশে বসিয়া শান্ত ভাবে বিচার কর আত্মা কে ? প্ৰকৃতি কে 😤 এবং প্রকৃতি হইতে আস্থা ভিন্ন কিরূপে ? তুনি আস্থা, তুমি প্রকৃতি রূও এইটির অধুভব র্বিচার দারাই ইইবে। শাস্ত্র ও গুরু মুখে তব্মস্তাদির বিচার গুনিয়া নিজে যথন ঐ বিচারে পৌছিবে, তথনই ভূমি পরমানদে স্থিতি লাভ করিবে। এই এচমাই পার এই জন্মই জীবগুক্ত ইইবে। দেহতাগ হউক বা না হউক, তাছাতে তোমার কোনই ক্ষতি বৃদ্ধি নাই। প্রাণের উংক্রমণ জ্ঞানীর হয় না। সেহত্যাগ জায় জ্ঞানীর কোন ক্রেণ নাই। জ্ঞানের অনুষ্ঠান কালে জ্ঞানী সকল প্রকার ক্লেশের অন্তে গমন করেন। প্রথম অবস্থায় অপমান ক্লেণ, রোগের কেণ, শোকের ক্রেণ, আহার নিজার ক্রেণ—প্রতি ক্রেণে ভাঁহার বিচার এইরূপ:—ক্রেণ, হয় মনের বা দেছের; আমি মনও নই আমি দেহও নই; আমি চেতন, আমি আস্থা, আমি সচিদানক পুরুষ। সমন্ত কেশ সমূ করা ভাঁহার অভাত-সমন্ত রেশ সম্ করিয়াও তিনি বিচার

ছারা অনুভব করেন, তিনি চেডন, তিনি জড়নহেন; এই জন্ত দেহত্যাগের ব্যাপার কথন ঘটিরা যার তাহাও তিনি জানেন না। তিনি আক্রনীড়, আক্রারতি, আক্রানন্দে দ্বিত বলিরা—আহার, নিজা, অথবা মৃত্যু পর্যান্তও তাহার আয়ন্তাধীনে থাকিরা যার। জ্ঞানীর সূত্যু অতিক্রমই সর্বাপেকা শ্রেষ্ঠ অবস্থা।

ছিতীয় যোগীর মৃত্যু— যিনি এই জন্মেই জ্ঞান লাভে সমর্থ নহেন, তিনি যোগ ধারণা অভ্যাস করেন। কুন্তকে প্রাণ বায়ুকে অনপুভরীকে ধারণা করিয়া পরে প্রাণকে জমধ্যে বা সহস্রারে হাপন অভ্যাস, করাই যোগীর কর্ম। প্রাণকে জমধ্যে হাপন করিয়া সক্তানে ওঁ উচ্চারণ করিতে করিতে দেহত্যাগ করিতে পারেন বলিয়া মৃত্যুতে যোগীর কোন ক্লেণ নাই। মৃত্যুর পরে যোগীকে আবার জন্মপ্রহণ করিতে হয় না । '

ভূতীর ভক্তের মৃত্যু—যিনি "বোগধারণ।" পারেন না, তিনি ভক্তির সাধনা যদি করেন তবে
মৃত্যুতে তাঁহারও কোন রেশ নাই। যে ভক্ত এক মৃহুর্ভ সময়ও রূধা নষ্ট করেন না—যিনি যাবজীবন সর্কালে সকল অবস্থায় শ্রীভগবান্কে স্মরণ করেন, শয়নে স্বপনে, জমণে, আহারে
বিহারে—এক কণণ্ড সিনি স্মরণ অভাবে থাকিতে পারেন না—শ্রীভগবানকে স্মরণ না করাই
বাঁহার সর্কাপেকা অধিক রেশ, যে ভাজের এইরূপ হইয়া গিয়াছে তিনিও মৃত্যুজয় করিয়াছেন।
শ্রীভগবানই মৃত্যুকালে উদয় হইয়া ভাহার যাতনা দূর করেন। মৃত্যুর পরে আর তাঁহাকে জন্মএইণ করিতে হয় না। যোগ সকলে পারে না—জ্ঞানেও সকলের অধিকার নাই, কিন্তু বিশাস
করিয়া ডাকাতে সকলেরই অধিকাব আছে। সর্কাণ স্মরণে সকল বিশাসীয়ই অধিকার। ইয়াই
মৃত্যু অতিক্রমণের সহজ পথ। ১২৫ ॥

আব্রহ্মভুবনালোকাঃ

পুনরাবর্তিনোহর্জ্ন।

মামুপেত্য তু কেতিন্তয় ! • পুনর্জন্ম ন বিচ্নতে ॥ ১৬ ॥

•

হে অৰ্জ্ন ! আব্ৰহ্মভুবনাৎ ভবন্তি অন্মিন্ ভূতানীতি ভুবনং এ এ দ

ব্রক্ষণো ভূবনং বাসস্থানং ব্রক্ষভূবনং ব্রক্ষলোক ইত্যর্থঃ ব্রক্ষলোকেন

সহ ব্রহ্মলোকপর্যান্তাৎ ইতি যাবৎ লোকাঃ সর্ববলোকান্তর্ববর্তিনো

জীবা: পুনরাবর্ত্তিনঃ পুনরাবর্ত্তনম্বভাবাঃ কর্মক্ষয়ে সতি ভূমো পুনর্জ্জন্ম
ব

ক্সস্তে। ত্রন্ধাকেস্তাপি বিনাশিহাৎ তৎ প্রাপ্তানামণুৎপরজ্ঞানা-

আত্রদ্ধ ভবনাৎ ইতি বা পাঠ: ।

নামশ্য ভাবি পুনৰ্জ্জন্ম, য এবং ক্রমমৃক্তিফলাভিরুপাসনাভির্ক্ত জ্ঞা

লোকং প্রাপ্তান্তেষামের তত্তোৎপন্নজ্ঞানানাং ব্রহ্মণা সহ মোকঃ। শ্রী

নান্তেধাং, তথাচ "ব্ৰহ্মণা সহ 'তে সর্ব্ধে সম্প্রাপ্তে প্রতিসঞ্চরে। খ্রী

পরস্থান্তে কৃতাত্থানঃ প্রবিশন্তি পরং পদম্"। পরস্থান্তে ব্রহ্মণঃ শ্রী

পরমায়ুষো 😭 ন্ত । কৃতাত্মানো ব্রহ্মভাবাপাদিত মনোরত্তয়ঃ। কর্মন্বারে শ্রী

বেষাং ত্রন্মলোক-প্রাপ্তিস্তেষাং ন মোক্ষ ইতি পরিনিষ্টিতিঃ। তৃ কিন্তু

হে কোন্তের ! মান্ উপেতা প্রাপা পুনুর্জন্ম ন বিছতে পুনরারুত্তিন
ম

ম
নিক্ষীতার্থি ৷ সাত্রেণ ব্যবস্থা যে তেম্মাক্রিফলান্তিকপ্রাম্বনিকির

র্নাস্তীত্যর্থঃ। অত্যেং ব্যবস্থা যে ক্রমমুক্তিফলাভিরুপাদনাভিত্র ক্স-ম

নোকং প্রাপ্তান্তেষামের তত্ত্রোৎপন্নসম্যাদর্শনানাং ব্রহ্মণা সহ মোক্ষঃ,

যে তু পঞ্চায়িবিভাদিভি ত্রজিলোকং গভাস্তেহনুপাসিতপরমেশরাঃ নী

পूनेतावर्डएछ ॥ ১७ ॥

হে অর্জুন! ব্রন্ধাকে হইতেও লোক সকল প্নরায় জন্মগ্রুণ কবে। কিন্তু হে কৌন্তের! আমাকে পাইলে আর পুনর্জন্ম হর না॥ ১৬॥

অর্জন --নিত্য কর্ম করিয়া গেলেই কি তোমাকে পাওয়া ঘাইবে---স্থার পুনর্জন ইবে নাং

ভগবান্—কর্ম দারা সাধক একলোক পর্যন্ত গমন করিছে পারে, কিন্ত সেথান ইইতেও পতন হয়। ক্রম্মুক্তি যাহাদের লক্ষ্য—তাহার। একলোক প্রাপ্ত ইইয়ও সেথানে জ্ঞাননিষ্ঠা কুরিতে থাকে। একার মৃত্তির সহিত ইহারা মৃত্তিলাত করে। কর্ম ও উপাসনা প্রভাবে জ্ঞানলাত ইয়। জ্ঞানলাত ইইলেই আমাকে পাওয়া ইইল। আমাকে পাইলে আর প্নর্জন্ম ইয় না। জ্ঞানপথে প্রাণের উৎক্রমণ হয় না, এই জীবনেই আমাকে পাওয়া যায়, যোগ, ও ভক্তি পথে প্রাণের উৎক্রমণ ইইলেও দেহান্তে আমাকে পাওয়া যায়।১৬॥

নী নী ম শ্রী যুগশব্দোহত্র চতুর্গপর্য্যায়ঃ যে বিচঃ যোগবলেন ইতি তে জনাঃ

শ শ্রী শ্রী ন তাহোরাত্রবিদঃ কালসংখ্যাবিদঃ যেষাস্ত্র কেবলং চন্দ্রাদিত্যগতৈয়ব জ্ঞানং

তে তথা>হোরাত্রবিদে। ন ভবস্তি। অল্পদর্শিকাৎ। তত্রায়ং কালগণনা-

3

প্রকারঃ—মনুষ্যানাং যদ্ধর্যং তদ্দেবানামহোরাত্রং, তাদৃশৈরহোরাত্রৈঃ

পক্ষমাসাদিকল্পনয়া দাদশভির্বনর্ধসহাত্রেশ্চতুমু গং ভবতি ৷ চতুমু গ শ্রী

সহস্রস্ক রন্সাণো দিনং। তাবংপ্রমাণের রাত্রিস্তাদৃশৈশ্চাহোরাত্রৈঃ ঞ্জী

পক্ষমাপাদিক্রমেণ বর্মশৃতং ব্রহ্মণঃ পর্মায়ুরিতি। ১৭॥

্মান্ত্র পরিমাণে। চতুর্গ সহস্র পর্যান্ত ব্রহ্মার যে [এক] দিন এবং চতুর্গ সহস্র পর্যান্ত যে [এক] রাতি ইহা বাঁহারা [বোগবলে] জানেন তাঁহারাই অহোরারবেক্তা॥ ১৭॥

অৰ্জ্ন—ব্ৰহ্মলোক পথ্যস্ত উঠিয়া ও দাধকের পতন হয় ? ভগৰান—ব্ৰহ্মলোক বহুকাল স্থায়ী সত্য—তাহাও জীব যে ভাবে কালের পরিবাম গণনা

করে সেই ভাবে। কিন্তু সমস্তই যথন বিনাশশীল তথন এক্ষাফোক পর্যান্ত গমন করিলেও যদি মুক্তিনা হয়, তবে অবশুই প্তিন আছে।

অর্জুন—ইনুষ্যের গণনায় ব্রদ্গলোকের অন্তিত্ব কত দিন ?

ভগবান্— ক্রনার আয়ু এক শত বর্ণ। কিন্তু ক্রনার ২০০ বর্ণে মনুহাের কত বর্ণ হয়

"চহুদূৰ্ণ সহস্ৰং ভূ ব্ৰহ্মণে। দিন মৃচ্যুতে" সহস্ৰ চতুৰ্থগৈ বন্ধাৰ ১ দিন।

বন্ধাৰ ১ দিন -- ১০০০চছু বৃগ্ ১২০০০ বংসারে -১ চভু র্গুল

🔒 ३२००० वरमस्त 🥆 ३००० दरम - क्रकांत ३ भिन ।

১০০০০০ বর্ষে ব্রহ্মার একদিন। এরপ ৩১০ দিনে এক বংসর।

🙏 ১२००० ००० 🕟 २५० वस्य तकाद अक दिन 🛭

ু ১০০০০ ১০০ ২০০ ২০০ ২০০ ২০০ ২০০ তথি বিশ্বর এক বাজি এজন্ত ৪০০ কোটি বংসরে ব্রহ্মার এক দিন আবার ২০০ কোটি বংসরে এক বাজি এজন্ত ৪০০ ২০০ ১০০৪ কোট বংসরে ব্রহ্মার এক দিন রাগি। এখানে মূলে যে যুগণক লাচে, ভাহা চতুযুগে এক যুগ গুণশকাহলে চতুযুগ পর্যায়ঃ। সহস্র চতুযুগে ব্রহ্মার ১ দিন। এক দিনে হবে ৪০২০০০০০০ মর্থাং ৪০০২ কোটি বংসর, আবাব উর্ন্নাল গুকু রাজে ৪০০০০০০০০ আইশত চৌষ্টি কোটি বংসর। এই ৪০২ কোটি ২০০০ কোটি বংসর অর্থাং ৮৬৪০০০০০০০ আইশত চৌষ্টি কোটি বংসর বিনি জানেন তিনি ব্রহ্মার অংহারাত্রবিদ্। ব্রহ্মা এইকণ শত বম পর্যন্ত জালিক গাকের বিনি জানেন তিনি ব্রহ্মার আহেন পরে লয় সুইয়া যায়। পুনাণাদিতে যে দেখা যায়, হপত্যা, দান, বৈরাগ্য, তিভিক্ষা ইত্যাদি সাধন দার। নাধক অক্ষয় বর্গ লাভ করেন—মেখানে অক্ষয় বর্গ অর্থে পুর্কোজেকপ দীয় কাল; কারণ ভূগ ভূবং, বঃ, মহঃ, জনঃ, তুপঃ এবং সভ্য এই সপ্তলোকের কোন লোকই চিরন্থায়ী নহে, কিন্তু দীর্যন্ত্রায়ী। এক মাত্র ব্রক্ষট চিরন্থায়ী গল্ভ সমস্তই নথর। সত্যালোক বন্ধলোকের অন্তর্গত

সর্জ্ন—পূণিবী হইতে ব্রহ্মনোক কত দূর ? তাহার পরিমাণ কি শাস্ত্রে আছে ?

ভগৰান্—আছে বৈকি ! চক্র স্বোর্র কিরণে সমস্ত পৃথিবী প্রকাশিত ছন, অর্থাৎ স্ব্।
১০ক্র কিরণে বিত্র দুর প্রকাশিত হয় তাহাই পৃথিবী। পৃথিবী ইইতে লক্ষ বোজন উদ্ধে
নীয়মণ্ডল—তদপেকা লক্ষাজন উদ্ধে চক্রমণ্ডল। চক্রমণ্ডল ৷ ইইতে লক্ষ বোজন উদ্ধে
নক্রমণ্ডল : তত্ত্বারি ২ লক্ষ বোজনে বৃধ ; বৌধনণ্ডল ইইতে ২ ক্ষ বোজন শুক্রমণ্ডল ; তাহার
২ লক্ষ যোজন উদ্ধে মন্তল ; তাহারও লক্ষ্ম উদ্ধে সুহস্পতি ; তাহার ২ লক্ষ বোজনে শনৈক্র ;
তাহার ১ লক্ষ ক্ষেতন দুরে সপ্তর্মিণ্ডল ; সপ্তর্মিণ্ডল ইইতে লক্ষ্যোজন দুরে প্রবলাক :
তাহার এক কোটি বোজন দুরে মহলোক । মহালোকের জুই কোটি বোজন দুরে জনলোক :
তাহার ৮ কোটি বোজন দুরে তপলোক ।

"বড়গুণেন তপোলোকাৎ সত্যলোকে। বিরাজতে"। তপোলোকের ছয়গুণ উর্দ্ধে সত্য-নাক বা ব্রহ্মকোক। বোগিযাক্তব্দ্য সপ্তলোকের বিবরণ দিতেছেন, শ্রবণ কর।

- ৬বস্তি চামিন্ ভৃতানি স্থাবরাণি চরাণি চ।
 তমান্ত্রিতি বিজের। প্রথমা ব্যাকৃতিঃ মৃতা।
- ভবস্তি ভূয়ো লোকানি উপভোগকরে পুন:।
 করতে উপভোগায় ভূব স্তমাৎ প্রকীর্ত্তিতঃ।
- শীতোক্ষর্টিতেজাংসি জায়তি তানি বৈ সদা।
 আলয়: ত্রতানাক বর্বেকঃ স উদায়তঃ ॥
- अथবোত্তর লোকেভ্যো মহাংশ্চ পরিমাণক: ।
 কদয়ং সপ্রলোকানাং মহন্তেন নিগল্পতে ॥
- কল্পাহে প্রনীনান্ত প্রাণিনন্ত পুনঃ পুনঃ।
 জায়য়ের চ পুনঃ বর্গে জনস্তেন প্রকীর্তিতঃ॥
- দনকাদ্যান্তপ: সিদ্ধা যে চাল্ডে ব্রহ্মণঃ স্কৃত্য।
 অধিকার নিবৃত্তান্ত তিঠন্তাব্যিং ন্তপ ন্তত্ত।
- নতান্ত সপ্তলোক। বৈ বক্ষণঃ সদনস্ততঃ।

 সংক্ষাকৈব লোকানাং মৃদ্ধি সন্তিভতে সদ।।

 জ্ঞান কণ্ম প্রতিষ্ঠানাং তথা সত্যক্ত ভাষণাং।

 পাপাতে চোপ ভোগার্থং প্রাপ্য ন চ্যবতে পুনঃ।

 তৎ সত্যং সপ্তমো লোক স্তমাদ্দ্ধং ন বিদ্যুতে ॥ ইতি ।

অর্জ্ব—মধুরোর অহোরাত্র ও প্রজাপতি প্রকার অন্যোরাত্র—ইহা ত বিত্তর অন্তর ?
তগবান্—ই। তা ত নিক্তরই। ক্রোদর হইতে প্নরদর প্রান্ত মনুষ্টোকের অহোরাত্র।
মনুষ্টোকের ওরপক ও ক্লপক একমান পিতৃলোকের অহোরাত্র। ক্লপকে ইহাসে কর্
করেন। মনুষ্টোর এক বর্ধসর ৬ মান উত্রায়ণ ও ৬ মান দক্ষিণারণ দেবলোকের আহোরাত্র।
দেবলোকের ছুই সহত্র বৃণ্ প্রকাপতি ব্রকার অহোরাত্র। ১৭॥

অব্যক্তাদ্ ব্যক্তয়ঃ সর্ব্বাঃ প্রবভন্ত্যহরাগমে। রাত্যাগমে প্রলায়ন্তে তত্রৈবাংব্যক্তসংজ্ঞকে॥ ১৮ ॥

অহরাগ্যে অহু আগমোহহরাগমস্তন্মিন্কালে ত্রহ্মণঃ প্রবোধকালে জাগরণ

সময়ে অব্যক্তাৎ অব্যক্তং প্রজাপতে: স্বাপাবস্থা তন্মাৎ সর্ববা: ব্যক্তয়ঃ

ব্যক্তান্ত ইতি ব্যক্তয়ঃ স্থাবরক্তমলকণাঃ সর্ববাঃ প্রজাঃ প্রভবন্তি

শ্রাদ্রভবন্তি ব্যবহারক্তমতয়াহভিব্যজ্যক্তে রাত্রাগমে ব্রক্তণঃ স্থাপকালে

ম

তিব্রব যত আবিভূতিন্তিব্রব উৎপত্তিস্থানে অব্যক্তসংজ্ঞকে কারণে

ম

বা

প্রাগুক্তে স্বাপাবস্থে প্রক্রাপতে) প্রলীয়ন্তে লীনা ভবন্তি ॥১৮॥

[ব্রহ্মার] দিবদের আগমে, [ব্রহ্মার নিজাবস্থারূপ] অব্যক্ত হইতে ব্যক্তি সমূহ প্রাত্ত্তি হয়; [ব্রহ্মার] রা!ত্র আদিলে সেই অব্যক্ত কারণেই সমস্ত লয় প্রাপ্ত হয়॥১৮॥

অর্জুন—আমাদের মত মনুবাের নিকটে ব্রন্ধার অহােরাত্র ত নিরতিশয় সুদীয় সময়; ৮৬৮ কােটি বৎসর। এক দিন এক রাত্রি যপন ৮৬৪ কােটি বৎসর, তথন ব্রন্ধার জীবিত্রশাল অর্থাৎ ব্রন্ধার শতবংসর যে কত কত দীর্ঘ তাহা ত চিন্তা করাও যায় না। ব্রন্ধার দিবাভাগের কায়,কি এবং রাত্রির কার্যাই বা কি :

ভগৰান্—ব্ৰহ্মার এক দিনকে কল বলে। ব্ৰহ্মার এক দিনে মামুবের ৪৩২০০০০০০ অর্থাং ২৩২ কোটি বৎসর। এই সময়ে বা কল্পে যে সমস্ত কার্য্য হয়, সেই কার্য্যের বিবরণ হাহাতে গাওয়া যায় তাহাই পুরাণ।

সভ্য, ত্রেভা, দ্বাপর ও কলি এই চারি যুগে এক মহারুগ। এই রক্ষ ২০০০ মহারুগ যাহ। তাহ্রাই ব্রহ্মার একদিন বা কল। এক এক কলে ১০০০ এক হাজার, মহারুগ অর্থাৎ ১৫ শবস্তর। এক মবস্তুরে ২৯০৭ = ৭১২ মহারুগ। অর্থাৎ এক মবস্তুরে ৭১ বার স্ক্রাযুগ আইসে, ৭১ বার ত্রেভা, ৭১ বার দ্বাপর এবং ৭১ বার কলিমুগ হয়।

উপস্থিত যে কল্প চলিতেছে তাহা বরাই কল্প। প্রদার জীবনের এক পরাদ্ধ কাল গত ২ইয়াছে। উপস্থিত বরাহ কল্প দিপবাদ্ধের আদি কল্প।

বরাহ-করের ছির মনস্তর গত হইয়াছে। এখন সপ্তম মনুর অধিকারকাল। সপ্তম মনুর নাম বৈবলং মনু। এই মনস্তরের নাম বৈবলং মন্তর। এই মনস্তরে ২৮ সভায়গ, ২৮:ক্রেভাযুর্গ ২৮ দ্বাপর উত্তীর্ণ হইয়া গিয়াছে, উপস্থিত কাল অষ্টাবিংশতি কলিযুগ। কলি ধাকিবে ৪৩২০০০ অর্থাৎ ৪ লক্ষ ৩২ হাজার বংসর; তয়ধ্যে ১৩৩০ সাল যে বংসর,—সেই বংসর

কলির বয়স হইবে ৫০২০ বৎসর। বাকী বৎসরগুলি এখনও আছে। ব্যস্ত হুইলে চলিবে না এখনও কলির বহু কুকার্য্য বাকী আছে। ক্রমে হুইবে। অতি সাবধানে শাস্ত্রমত আচরণ করিব বাওয়াই বৃদ্ধিমানের কার্য়। গীতোক্ত আমার মত থওনের জন্ত, এই ভারতে স্ক্রেকর্মানরাধমগণ আফরীসম্পদে জান্মার, আমা কর্তৃক পুনঃ পুনঃ আফ্রী বোনীতে নিচ্ছিপ্ত হুইবে। এইরূপ ব্যক্তিকে তুমি সহচ্চেই চিনিতে পার। ইহারা হিংসা বলিয়া কিছু নাই ইহা ওমানকরিবে—ইহাবা শোচ-আচার মানিবে না, ইহারা উপ্রকর্মা, জগৎক্ষয়ের জন্ত ইহাদের জন্ম। ইহারা বলিবে "সম্বরোহ্হমহং ভোগী সিদ্ধোহহং বলবান্ স্থা। এই সোহহং পাপিষ্ঠগণে ক্থা ১৬ অধ্যায়ে বিশেবরূপে বলিব।

ব্ৰহ্মা যথন বহিমুৰ্থ হইয়া নিজা হইতে গাত্ৰোখান করেন, তথন তাহার দিবাভাগ আরম্ভ হয়, তথন সমস্ত জীব জন্ত, স্থাবর জঙ্গম অব্যক্ত অবস্থা হইতে ব্যক্ত অবস্থায় উপনীত হয় আবিরে রাত্রি উপস্থিত হ*ইলে ব্*হমার নিদ্রাবস্থারূপ অব্যক্ত কারণে সমস্ত লয়প্রাপ্ত হয়।

ত্রন্ধার রাত্রি উপস্থিত ইইলে পৃথিবা জলমঃ হয় প্রতি ময়স্তরে একবার স্কাটনংহার ও নৃত্রন স্কাটি পত্তন হয়। ময়স্তরের অবসানে দেবগণ ও সপ্তরিমণ্ডল তপ্রসা ক্রম্চর্যা ও শাস্ত্রনালইয়া অবস্থিতি করেন। কিন্তু ত্রশ্ধার আগু একশত বৎসর অতিগাহিত হইলে আর কিছুই থাকে না তথন আদিত্যগণ, জীবগণ ও ত্রশ্ধা স্বয়ং নারায়ণ-শরীরে লীন হয়েন। এইরূপে একা শীয় স্বয়া ও জাগবণ হারা এই গগতের স্কাট ও সংহার করেন। ভগবাদ্মন্থ বলেন-

> যদা দ দেবো জাগুরি তদেদং চেন্ততে জগুং। গদা স্বপিতি শান্তাকা তদা স্ববং নিমালতি ॥ ১৯৫২ মনু।

জাৰ্জ্ন—সজোম্ক্তি এবং পুনৰ্জন্ম সম্বন্ধে আর একবার বল।

ভগবান্—জানীর প্রাণের উৎক্রমণ হয় না যোগী ও ভক্ত দেহাতে মৃত্তিলাভ করেন। যাহারা উপাসনা পরায়ণ, তাহারা ক্রমণ্তি প্রায় হয়েন। বলার আনু গতে প্রকার সহিত্তাহাদের মৃত্তি হয়। কিন্তু থাহারা মুদ্দিতে নিহত হয়েন ও পঞ্চায়ি-বিদ্যা সাধন করেন, তাহারা ব্রহ্মলোক প্রাপ্ত ক্রাতে পুনরায় জন্মপ্রহণ করেন। নিজের নিজা হইতে উআন ভাবনা করে কিছু আভাস পাইবে। ১৮ ন

ভূতগ্রামঃ দ এবায়ং ভূত্ব। ভূতু প্রলীঃতে। রাজ্যাগমেহবশঃ পার্থ! প্রভবত্যহর গমে॥১৯॥

হে পার্থ স এব অয়ং যঃ পূর্ববিস্মন্ কল্পে আসীৎ স এবায়ং নান্ত জ্ঞা

ইতি শেষঃ ভূতগ্রামঃভূতানাং চরাচরপ্রাণিনাং গ্রামঃ সমূহঃ ভূত্বা ভূত্ব।

₹ উৎপঞ্চোৎপত্ন রাত্র্যাগমে রাত্রেরাগমে প্রলীয়তে স এব ভূষা প্রলী-नी য়তে নাম্যোহাভনবো ভবভীভ্যর্থ: প্রদীয় প্রদীয় পুনরপি অহরাগমে উৎপদ্মতে। কুড: ? ষড: অবশ: অবিছাকামকর্মাধীন-ন্তুন্মাৎ সর্ব্বানর্থবীঞ্জভূতায়া অবিভায়া বিভয়া উচ্ছেদে জন্মরণ-যতিতব্যমিত্যর্থ:। প্রবাহবিচ্ছেদায়াহবশ্যং বর্ষশতাবসানরূপযুগসহ-ব্ৰ**ন্দ**াকপৰ্য্যস্তা লোকা: স্রান্তে ব্ৰহ্ম আপন্তেজ্বসি লীয়ন্তে" ইতাদি ক্রেমণ মধ্যেব মত্ত উৎপত্তেশ্ময়ি-মদ্বাতিরিক্তস্থ কুৎসুস্থা কালব্যবস্থয়া প্রলয়াচ্চোৎপত্তি- [বিনাশযোগিষ] লয়াদিকমবর্জ্জনীয়মিত্যৈশর্য্যগতিং পুনরাবৃত্তিরপরিহার্যা। ,মামুপেভানাম্ভ ন পুনরাবৃত্তি-প্রাপ্তানাং 41 প্রসঙ্গঃ ॥১৯॥

হে পার্থ। এই দেই ভূতসমূহই পুন: পুন: জন্মগ্রহণ করিয়া বাজিসমাগমে প্রাণীন হয়, দিবাগমে আবার অবশভাবে প্রাকৃত্তি হয়॥ >> ॥

वर्ष्ट्न--- এই বে उक्तात अरवायकारण कीरवत अन्न এवः निकाकारण नव्यक्ति এই शक्ति प्रश्ति वाशारित कि मुख्य और व्यक्ति शक्ति हैं रहेंटलह मा ?

ভগৰান্—এই জগৎ মায়িক ব্যাপাবে সভা, কিন্ত এই মায়িক আড়ম্বরেরও একটা নিয়ম বাছে। "বিষত্তমিনতোৰণী স্থাচন্দ্রমসৌধাতা ব্যাপ্রমকলয়ং" বিমনির্মাণে সমর্থজ্ঞা, পূর্ব প্রে কলে বেমন থোনীপুঞ্জ স্তই হইয়াছিল, টিক সেই সেই বস্তুই পরকল্পে স্তুটি করেন, নৃতন কোন জীব বা কোন পদার্থ স্তুই হইতেছে বা।

[्] अक्ट कीय भूनः भूनः कचिराउरक, भूनः भूनः व्यवस्थकः, व्यायात कचिराउरकः, व्यायात

মরিতেছে। প্রাণীপুঞ্চ প্রায়ই অবশ হইর। প্রকৃতির হাতে পড়ে—অবশ হইয়াই পুন: পুন: ক্ষামনগ্রোতে ভাসমান হয়। কিন্তু বাহারা পুক্রার্থ প্ররোগে আমাকে আগ্রর করিতে পারে, ভাহারা আমাকে প্রাপ্ত হইয়া ক্ষামৃত্যুর হয় এড়াইতে পারে। আমাকে না পাওরা পর্যান্ত ক্ষামনগর্প অপার ছ্বংসম্ক্রের নিবারণ নাই। একই প্রকার যাতনা পুন: পুন: আসিতেছে, পুন: পুন: আসিরাছে, পুন: পুন: আসিরে। যে ভোগপরবশ হইয়া মাকুর এইরূপ যাতন: পুন: পুন: ভোগ করে, এই সৃষ্টি-সংহার ব্যাপার চিন্তা করিলে মাকুরের অবশুই বিবয়ভাগে বৈরাগ্য আসিবেই। যাহারা পশু ভাহারা সমন্ত পুক্রার্থ শৃশু হইয়াই বৈরাগ্য আনিতে পারে না গি ক্রনা যক্ত বা কর্মের সহিত প্রজাবর্গ স্থিত করেন। শরীর বাক্য ও মনকে ছন্মত পান্দন করাই ক্রনানির্দিন্ত কর্ম্ম; ইহাই পুক্রার্থ। ভোগবাসনা ত্যাগ করিয়। এই পুক্রার্থ ব্যন নাকুয় অবলঘন করে, তথনই জ্রামরণ হইতে ইহারা মুন্তিলাভ করিতে সমর্থ হয়। মাকুবের পুক্রার্থ আছে, পশুর নাই। পশু প্রকৃতির আবর্জনে অশেষ বাতনা ভোগ করিয়। যথন আবার মনুষ্য বোনিপ্রাপ্ত হয়, তথন অতি ক্রীণ ভাবে পুক্রার্থের উদয় হয়। সৎসক্রে প্রপুন্যার্থ প্রবান করিয়া ক্রমে মানুষ্য উচ্চ অবস্থা লাভ করে— এবং গেবে পুক্রার্থমহয়। মুন্তিলাভ করে। বুনিতেছ বৈরাগ্যই প্রেষ্ঠ পুক্রার্থ। স্টি-সংহার চিন্তাতে এই বৈরাগ্য উদয় হয়।

অর্জুন-কিরপে ? সকলে ব্ঝিতে পারে এইরূপ সহজ করিয়া ইহা বল।

ভগবান্—ন্তন কিছুই স্টে ইইতেছে না। তুমি বখন রাজিকালে নিজা যাও, তখন তোমাব দেহত্ব সমস্ত জীবপুঞ্জ অবশ হইয়া তোমার প্রকৃতিতে লীন হয়। ইহারা আপন আপন সংখ্যার লইয়া লয়প্রাপ্ত হয় বলিয়া, আবার তোমার জাগ্রংকালে সেই সেই সংস্কার মত উৎপন্ন হয়। ক্রন্ধান্ত প্রবিধ্ব সময়েও জীবগণ আপন আপন প্রাচীন সংস্কার লইয়াই জন্মে, আবার নিজাকালে ভাহা লইয়াই বিলীন হয়। এই জরা, আধি, বাাধি, বাতনা, মৃত্যু ইহার ত অন্ত নাই। যাতনার হস্ত হইতে ত সকলেই নিছুতি চার। ইহা , স্বান্তাবিক। সব ভোগই ত করা হইয়াছে, তবে সেই চর্জিওচর্জণ ভোগের জন্ম পূন: পুন: জনম মরণ ভোগে করি কেন ? কি বিষম বাতনাই জীব ভোগ করে ? হার! মোহবলে জীবের এই ছঃব। ভোগের জন্মই মোহ। ভোগ তাগে করাই বৈরাগ্য।

সহস্র জন্ম সঞ্চিত ভোগবাসন। নিবিড় হইয় মানুবের অন্তরে এমন আসন খাপন করে রে, মানুব ভিতরে বাহিরে সেই ভোগই দেখিতে থাকে। কি আর দেখিব, কি আর শুনবি,কি আর বাইব, কি আর থাইব, কি আর ভাবিব—এইরূপে মানুব সকল বিষয়ে অনাছা অভ্যাসকরে না। ভিতরে বাহিরে অভ্যানই অনুভব করে। স্থির থাকিলেও আপন আপন চিন্তসংস্থার লেখে—অপ্রে চিন্তের পেলাই দেখে। জীব চিন্তরূপ ভোগবাসনাময় প্রকৃতিকে জাগাইয়া, তাহার সধ্যে প্রবিষ্ট হইয়া একই বহু হইতেছে। মানুব স্বপ্নেও সেই অবিদ্যাকৃত বহুভোগের বন্ধই। দেখে; জাগ্রন্তেও বাহা শুনে, তাহাও অবিদ্যাকৃত বহুভোগের বন্ধ । ইহারা বাসনার সুল আকার। এই ভোগবাসনা ছাড়ে না বলিয়াই না পুনঃ পুনঃ বাজন পার। পুন পুনঃ করে।

মার। প্রলমে জীবের ছাথ চিন্তা কর, কোটি কৌবের হাহাকার শ্বরণ কর—এই ছাথ
নিবারণ জন্ত অবশুই ভোগত্যাগে ইচ্ছা হইবে। প্রলয়ে অনস্ত জীবের অমস্ত ছাথের কথা
একবার ভাবিরা ছেথ দেখি। [এই ঝানে ৬৫০—৬৫১] পৃষ্ঠা বর্ণিত মহাপ্রলয় একবার
দেখিনা লগু]

এক এক জগতে কত কত জীব একবার চিন্তা কর। ব্রহ্মা ইহাদের স্থিকিত। এই আয়োত্ত প্রজাপ্তাকে সংহার করিতে ব্রহ্মা উন্ধত। ইহাই প্রলয় কাল। ইহাই ব্রহ্মার রাত্রি। স্থিটি শুটাইবার ইচ্ছা বাত্র শতবুর্গ ধরির। তীব্র জনাবৃষ্টি চলিতে লাগিল। "পর্জন্ত বর্গাণি ভূমো রাজন্ ন বর্গতি। শত বর্গ জনাবৃষ্টিতে জীবের গতি কি হয় ভাব দেবি ? স্কাভূত শুরুকর প্রচণ্ড উত্তাপে জীবসমূহ কেই মুঠ, কেই অর্জনূত ইইতে গাকে। শক্ষসমূহ দম্ম ইইয়া বাত্র। "তদা নিরয়ে হুজোন্তাং ভক্ষণাণাং কুধার্দিত": জীবগণ তথন কুংশীড়িত হইয়া অরাভাবে পরশার পরপারকে ভক্ষণ করিতে থাকে। দিবাকর সপ্তরণ্ম বিস্তার করিতে করিতে উথিত হন। সে সমস্ত রুখ্মি সঞ্ করিতে থাকে। দিবাকর সপ্তরণ্ম বিস্তার করিতে করিতে উথিত হন। সে সমস্ত রুখ্মি সঞ্ করিতে কে সমর্থ ? সেই প্রচণ্ড সপ্তরাখ্মি তপন মহাসমূক্ষ পান করিতে থাকেন। সমূক্ষ পান করিয়া স্থাদেব তথন সপ্তর্গা ইইয়া উদিত হয়েন; আর চতুর্দিশ লোক তথন দন্ধ ইইতে থাকে। পর্যন্ত, নদা, দ্বীপ—কোগায়ও আর রস নাই—চারি দিকে জনফ্ হালামালা। জীব গুন্ত হাহাকরে করিতে করিতে প্রণিত্যাগ কবিতে থাকে।

ততঃ প্রলীনে সর্কামিন্ জঙ্গমে স্থাবরে তথা। নির্কা নিস্কা ভূমিঃ কুর্মপুঠে প্রকাশতে ॥

ছাবর, জক্সম, রক্ষত্ণ সমন্তই দক্ষ হইন। বিরাছে: দ্বীপ, পর্বাচ, সমুদ্র, নদী সমন্তই জন্মসাং
ইইনাছে। বর্গ ও পাতালব্যাপী এক অগ্নি-আলা জির আর কিছুই নাইন। এই কালাগ্নি
লাকসমূহ দক্ষ করিয়া পৃথিবী জন্মগাঁৎ করিয়া রসাতল শোষণ করিয়া উদ্ধুখে শিখা বিস্তার
করিয়াছেন; দ্বাগং এক বিশাল অগ্নগৃহ হইয়া বিরাছে। ভাব দেখি এদৃশ্য কত ভয়ানক।
ভাব পর——

বোজনানাং শতানীহ সহস্রাণ্যবৃত্তানি চ।
উত্তিষ্ঠান্ত শিথান্ততা বায়্: সম্বর্তকত্ত চ ॥
গন্ধকাংশ্চ পিশাচাংশ্চ স বক্ষোরগ রাক্ষসাড়।
তদা দহত্যসৌ দীপ্ত: কালকপ্রপ্রচোদিত:॥

শত সহস্র অব্ত বোজন উর্জে শিপা বিতার করিব। যথন সেই প্রলয়গ্নি ছুটিতে থাকে, তথন গিকে, প্রিশাচ, যক, রক্ষ, সর্প-সমন্তই জক্ষাৎ হইরা যার (ভূলোক, ভূবলোক, স্বর্গলোক, শহলোক পর্যন্ত সমন্ত দক্ষ হয়)—জগৎ তথন একটি অনল-গোলকবং প্রতীয়মান হয়। পরে কি গভীর জন্মকর গর্জনে দিগন্ত আলোড়িত হইতে থাকে। সম্বর্জনাদি প্রলয়কালীন শেন্যালা, মদমত মাতকের স্তার পক বিতার করিতে করিতে নভোমগুল ছাইয়া কেলে। এই

সমস্ত প্রদান-বেখ পুন: পুন: মহাগর্জনে শতবর্ষ ধরিরা বারিধারা বর্ষণ করিতে থাকে। সেই প্রচান আনদা রাশি তথন অবিয়াল বারিপাতে নির্কাণিত হইয়া বার আর সমস্ত বিশ্ব কলবর হয়।

> তশ্বিরেকার্শবে ঘোরে নষ্টে স্থাবর জঙ্গমে। যোগনিজাং সমাস্থার শেতে দেবঃ প্রভাগতিঃ।

স্থাবর অসম নত ইইরা. গেলে যোর একার্ণরে তথন প্রজাপতি যোগনিজা অবলম্বনে শ্রন করেন। এই প্রলম-চিন্তার জীবের হাহাকার, জী.ব-বিনাশ প্রবণে কোন্ ব্যক্তির প্রণে ভরের সঞ্চার না হয় ? কোন্ ব্যক্তির এই যোরতর অবস্থা হইতে মুক্ত হইতে চেষ্টা না করিবে কোন্ ব্যক্তি মনে না করিবে—এই পুত্র, কর্তা, বিষর, সম্পত্তি ইহ' কিসের জন্ত ? আহা ! জগত অতি তুচ্ছ, বিষয় নিভান্ত অকিঞ্চিৎকর ৷ হায় ! এখানে আস্থা করিবার যে কিছুই নাই ৷ পূর্ণ বৈরাগ্য ভরে আমার দিকে যখন জীব চাহিতে থাকে, তখন আমাকে দেখিয়া দেখিয়া তাহার ভয়ভীতি দূর হয় : তার প্রাণ শীতল হয় ।

আদিত্যবর্ণো ভূবনন্ত গোপ্তা নারায়ণঃ পুরুষো যোগমূর্তিঃ। মাং পদান্তি যতরো যোগনিষ্ঠা জানাস্থানমমূতত্বং ব্রজন্তি॥ (কুর্মপুরাণ)

আদিতাবর্ণ, ভ্রনের পালরিতা, বোগীমূর্ত্তি নারারণ আমি আমীকে ত কেহইদেবে না। সর্ব্বর একমাত্র আমিই আছি—বোগিগণ জ্ঞানচক্ষে আমাকে দেথিয়া মৃত্যু-সংসার সাগর হইতে উত্তীপ হরেন॥ ১৯:॥

পরস্তম্মান্ত, ভাবোহস্যোহব্যক্তোহব্যক্তাৎ সনাতনঃ। *
যঃ সর্বেষু ভূতেষু নশ্মৎস্থ ন বিনশ্যতি ॥ ২০ ॥

নী নী
ত কিন্তু ভস্মাৎ অব্যক্তাৎ ভূতগ্রামবীকভূতাদবিভালক্ষণাৎ অনৃতাৎ
বি ম ম
উত্তলক্ষণাৎ হিরণাগর্ভস্ত সকাশাৎ পর: শ্রেষ্ঠ: তস্ত কারণভূত: আসঃ
ম
আভান্তবিলক্ষণ: "ন তস্ত প্রতিমা অন্তি" ইতি শ্রুণভেঃ অব্যক্ত: রূপাদিম
হীনভায়া চক্ষুরাভগোচরঃ সনাভন: নিভা: সর্বের্ কার্য্যেষ্ঠ্ সক্রপেণামুব নী বং
গভঃ বঃ ভাবঃ সন্তা সঃ সর্বের্থু ভূতের্ বিয়দাদির নন্তাৎস্থ অপি ন

পরতকাত ভাবোহভোবাজোহবাজোদিতি বা পাঠ: ।

বিনশ্যতি উৎপদ্যমানেষপি নোৎপত্যত ইত্যর্থ:। হিরণ্যগর্ভস্ত ভূ

কার্য্যক্ত ভূতাভিমানিস্বান্তত্নৎপত্তি বিনাশাভ্যাং যুক্তাবেরোৎপত্তিবিনাশৌ,

ন তু তদনভিমানিনোংকার্যাক্ত পরমেশ্বরত্যেতি ভাবঃ ॥ ২০ ॥

পরস্ক সেই অবাক্ত হইতেওঁ শ্রেষ্ঠ, অক্স সনাতন অবাক্ত যেঁ ভাব তাহা [আকাশাদি] সমস্ত ভূত বিনষ্ট হইলেও বিনষ্ট হয় না॥ ২০॥

অর্জ্ব—"অকরং ব্রহ্ম পরমং" ৮।৩ ইহা তুমি। আর "আব্রহ্মতুবনালোকাঃ প্নরাবর্তিনঃ" ব্রহ্মলোক পর্যন্ত সমস্তই মৃত্যুর অধীন। "মামুপেত্যপুনর্জ্বর ন বিদ্ধুতে" ৮।১৬ তোমাকে পাইলে কিন্ত পুনর্জ্বর নাই আর মৃত্যুর হাতেপড়িতে হরনা ইহা পূর্ব্বে বলিয়াছ। তোমার নিত্যস্বরূপের কথা আরও বল।

ভগবান্—প্রলয়ে সম্বস্তই নই হইবে; কিন্তু আমাকে যাঁহারা আশ্রয় করেন, উাহাদের প্রলয়েও নাশ নাই। আমি পরম ভাববরূপ। ভাব অর্থসন্তা। এই ভাবেই অক্ষরং প্রক্ষ পরমং বলিতেছি। এই ছাবর জক্ষমান্ত্রক বিশ্বটি ব্যক্ত। ইহার কারণভূত যে অব্যক্ত পূক্ষধ—বাঁহাকে হিরণাগর্ভ, বলা হয়—সেই হিরণাগর্ভাপেকাও বিলক্ষণ—তদপেকা। শ্রেট যে পরমভাব বা সভা—তাহার কোন প্রতিমা নাই—তাহার পরিমাপক কোন কিছু নাই। "ন তক্ত প্রতিমা অতি" শ্রুতি ইহা বলেন। পরম ভাবটিই অক্ষ কোন কিছু ছারা পরিমিত হইতে পারে না। এই পরম ভাবটিই পরমেবর। ইনিই অক্ষর পূর্ব, ইনিই নারায়ণ। "অক্ষরাৎ সন্তবতীহবিব্যন্" অক্ষর পূর্ব হইতে এই বিশ্ব জন্মিয়াছে। হিরণাগর্ভ পর্যন্ত লয় হয়, কারণ' তাহারও কর্ম আছে। কর্মে অভিমান আছে, স্ভরাং তাহার কর্ম বিনাশ হইলে সেই কর্মের কর্জা অভিমানী হিরণাগতির বিনাশ হয়। কিন্তু পরমভাব পরমেবরের বিনাশ নাই। তাহার কোন কর্মও নাই, কারেই কর্জ্যাভিমানও শাই। ইইাকে আশ্রের কর —কর্জ্যাভিমান শৃস্ত হইল। অবহান ক্রিতে শিক্ষা কর, মৃত্যু আর হইবে না।

অর্জ্ব-ত্রনা, বিরাট, হিপ্নগার্ড, পরষপুরুষ-ইহঁ।দের কথা বেশ শস্ট করিয়া বল।

ভগবান—প্রলয় পরে। বিজলে বিনি অবস্থান করেন, সেই নিতা পুক্ষই পরম পুক্ষ পরমায়া। ই না হইতেই সমস্ত স্ট পদার্শ জাত। ইনি ই ক্রিয়ের অগোচর, সং ও অসং শন প্রতিপাছা। এই পুক্ষই অকীর নরীর হইতে "সোহভিধ্যার শরীরাং বাং সিম্পুর্কিবিধাঃ প্রজাঃ" (মমু) বিবিধ প্রজা স্ট জক্ত জলের স্টের পরে ভাছাতে যে বাজ অর্পণ করেন, সেই বীজই অওরপে পরিণত হয়। সেই সেওলাত পুক্ষই ক্রজা। ক্রজাই সমস্ত পদার্থের স্ফটকর্জা। পরমপুক্ষই অওর অভ্যন্তরে ক্রজারণে আগমন করেন। স্থুল স্টে দেহে যিনি অভিমান করেন, তিনিই বিরাট্ পুক্ষ। ইমি জারভাভিমানা চৈতক্ত, ক্রল দেহে যিনি অভিমান করেন তিনি হিরণাগর্ড। হিরণাগর্ডেরও কারণ, অব্যক্ত, রূপারিহীন, সন্তামাত্র যে ভাবপুক্ষ তিনিই পরমেশর। ২০।

অব্যক্তোৎক্ষর ইত্যুক্তস্তমাহুঃ পরমাং গতিং। যং প্রাপ্য ন নিবর্ত্তম্ভে তদ্ধাম পরমং মম॥ ২১॥

